Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মসংস্থান

দাম : ৪ টাকা

www.karmosangsthan.com

Vol. 32 ■ Issue No. 44 ■ 9th November 2019 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়
- উত্তরপাড়া পুরসভায় ২২ ক্লার্ক, পিওন ও ড্রাইভার
- কালনা পুরসভায় ১৬ মজদুর ও রেলে নার্স
- জেনারেল স্টাডিজ ও সাম্প্রতিক ঘটনাবলী
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর

পাব্লিক সার্ভিস কমিশনের ডব্লু.বি.সি.এস পরীক্ষার মাধ্যমে

## রাজ্য সরকারের সেরা সেরা পদে কয়েকশো চাকরি

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন ব্লকের 'ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'কমার্শিয়াল ট্যাক্স অফিসার', 'অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অফিসার', 'এক্সাইজ অফিসার', 'কো-অপারেটিভ সোসাইটির অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার', 'লেবার অফিসার', 'ফুড অ্যান্ড সাপ্লাই অফিসার', 'এমপ্লয়মেন্ট অফিসার (টেকনিক্যাল বাদে)', 'রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভিনিউ অফিসার', 'রাজ্য পুলিশের ডি.এস.পি.', 'জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার্স অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস', 'অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভিনিউ অফিসার (ইরিগেশন)', 'জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার অফিসার',

☞ এরপর ৩ পাতায়

## নেভিতে ২,২০০ নাবিক

**উচ্চমাধ্যমিক ছেলেদের জন্য**

ভারতীয় নৌবাহিনী 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস (SSR-AUG-2020 Batch)' স্কিমে 'নাবিক' পদে ২,২০০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। ফিজিক্স ও অঙ্ক আবশ্যিক বিষয় (কম্পালসারি) আর কেমিস্ট্রি /বায়োলজি / কম্পিউটার সায়েন্স ঐচ্ছিক বিষয় (অপশনাল) হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০০ থেকে ৩১-৭-২০০৩'এর মধ্যে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৬। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণক্ষম আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। এছাড়া রং চেনার ক্ষমতা CP II থাকতে হবে। শুরুতে ২২ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে আগামী বছর আগস্টে, ওড়িশার খুরদার আই.এন.এস. চিল্কায়। তারপর নির্দিষ্ট ট্রেডে নৌবাহিনীতে পেশাদারী ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১৪,৬০০ টাকা। সফল হলে 'সেলর' পদে চাকরি। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। প্রাথমিকভাবে ১৫ বছরের চাকরি। 'সুবেদার মেজর'এর সম র‍্যাঙ্কের

☞ এরপর ২ পাতায়

## ৩৮০ অ্যাপ্রেন্টিস

ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের পাইপ লাইন্স ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ডাটা এন্ট্রি অপারেটর' ও 'ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৩৮০ জন লোক নিচ্ছে।

☞ এরপর ৬ পাতায়

UPSC'র কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে

## ৩ সেনাবাহিনীতে ৪১৮ অফিসার

ভারতীয় স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৯ মাস থেকে ২ বছর ১১ মাস ট্রেনিং দিয়ে অফিসার পদে কয়েকশো লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব বিভাগে : ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫

☞ এরপর ৪ পাতায়

GNM 7,500/-
B.Sc. নার্সিং 9,500/-
SRISTI NURSING
W.B : 09836902256
Bangalore : 08431596462
আরো বিস্তারিত জানতে দেখুন ৪ ও ৭ পাতা

## অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ৪,৮০৫

কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন পশ্চিমবঙ্গ-সহ দেশের ৩৯টি অস্ত্র তৈরির কারখানা 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৪,৮০৫ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিচ্ছে। এটি ৫৬তম ব্যাচের ট্রেনিং।

অঙ্ক ও বিজ্ঞান অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এই দুই বিষয়ের প্রতিটিতে ৪০% ও মাধ্যমিকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'নন-আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদন করতে পারেন। শূন্যপদ : ১,৫৯৬টি।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত আই.টি.আই. থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো একটি

☞ এরপর ৬ পাতায়

এই মুহূর্তে পঃ বঙ্গ সহ সারা ভারতবর্ষে নার্সের চাহিদা তুঙ্গে নার্সিং মানে শুধু লোভনীয় উজ্জ্বল ভবিষ্যত নয়! উচ্চশিক্ষার সোপানও

নিজস্ব সংবাদদাতা : কনফিডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (CII) ও Boston Consulting নতুন সমীক্ষা অনুযায়ী আগামী ২০২০ সালের মধ্যে স্বাস্থ্য বিভাগে 80 লক্ষ নতুন কর্মসংস্থানের সুযোগ এবং World Bank সমীক্ষানুযায়ী ভারতে সুদক্ষ 60 লক্ষ নার্সের দরকার। উচ্চমাধ্যমিকের পর GNM ও B.Sc. নার্সিং কোর্স সম্পূর্ণ করার সাথে সাথেই যেকোন নামী বেসরকারী বা সরকারী হাসপাতালে বা স্বাস্থ্য দপ্তরের অধীনে নূনতম মাসিক ১৫,০০০/- ৩৫,০০০/- (পনেরো-পঁয়ত্রিশ হাজার) টাকার বেতন সহ অন্যান্য সুযোগ সুবিধা পেয়ে থাকে। এই পেশার কেরিয়ার তথা শতাধিক ছাত্রছাত্রীর উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে দিয়েছে কোলকাতার সুনামধন্য প্রতিষ্ঠান "ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিকেল সায়েন্স" (Govt. Regd. ISO 9001:2013 সার্টিফায়েড)। বিস্তারিত জানতে কল করুন :
033-22870873 / 8116131802 / 9836442992

সরকারি হাসপাতালে ৮০০ ছেলেমেয়ের GNM ও B.Sc. নার্সিং ট্রেনিং-চাকরি-এডুকেশন লোন

যোগ্যতা : উচ্চমাধ্যমিক / গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গ সরকার ও কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের তথা বেসরকারি স্বাস্থ্যবিভাগে আগামী 2020 সালের মধ্যে 80 লক্ষ নার্সের চাহিদার কথা মাথায় রেখে NINPS ও গ্রুপ অফ গভঃ স্বীকৃতিপ্রাপ্ত নার্সিং কলেজে ৮০০ ছেলেমেয়ের GNM ও B.Sc. নার্সিং কোর্সে কাউন্সিলিং এর মাধ্যমে সরাসরি ভর্তির শেষ সুযোগ।

বিশেষত্ব ☛ কোর্সগুলি ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল তথা গভঃ স্বীকৃত যাহা সরকারী বেসরকারী চাকরীতে ১০০% মান্যতাপ্রাপ্ত। ☛ নিজস্ব ক্যাম্পাসে থাকা ও খাওয়ার সুবিধা। ☛ ১০০% ক্যাম্পাসিং তথা Placement ☛ লোনে / কিস্তিতে পড়াশুনা করার সুবিধা।

JENPAUH ব্যর্থ / আশানুরূপ র‍্যাঙ্কিং এ ব্যর্থ ছাত্রীরা শীঘ্র যোগাযোগ করুন। আমাদের বহু ছাত্রছাত্রী গভঃ হসপিটাল সহ বেসরকারী হাসপাতালে কর্মরত।

ভর্তির বিষয়ে বিস্তারিত জানতে যোগাযোগ করুন :
ন্যাশনাল ইনস্টিটিউট অফ নার্সিং অ্যান্ড প্যারামেডিকেল সায়েন্স
(Govt. Regd. ISO 9001 : 2015 certified)
কোলকাতা 033-22870873 / 9830687078 / 8145960410
বারাসাত (হসপিটালের কাছে) : 8972046553
বহরমপুর (মেডিকেল কলেজ রোডের বিপরীতে) : 7450978001
বর্ধমান (হসপিটাল / G.T রোড) : 7319013461
শিলিগুড়ি (পাটেল রোড) : 9547338471
visit us: www.ninps.co.in

## নেভিতে ৫০০ জন আর্টিফিশার অ্যাপ্রেন্টিস

ভারতীয় নৌবাহিনী 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' (AA-AUG-2020 Batch)' স্কিমে ট্রেনিং দিয়ে কয়েকশো 'নাবিক' নিচ্ছে। অঙ্ক ও ফিজিক্স আর কেমিস্ট্রি / বায়োলজি / কম্পিউটার সায়েন্স বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা অঙ্ক ও ফিজিক্স বিষয়ে মোট অন্তত ৬০% বা, তার বেশি নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০০ থেকে ৩১-৭-২০০৩'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি ও উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন আর বুকের ছাতি ৫ সেমি প্রসারণক্ষম। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া ভালো চোখে ৬/১২ ও খারাপ চোখে ৬/১২ আর চশমা পড়ে ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১২। রঙ চেনার দৃষ্টিশক্তি দরকার CP II.

☞ এরপর ২ পাতায়

## সরকারি কলেজে ২৬ লাইব্রেরিয়ান

রাজ্যের সরকারি কলেজগুলিতে কাজের জন্য 'লাইব্রেরিয়ান' পদে ২৬ জন লোক নিচ্ছে। লাইব্রেরি সায়েন্স / ইনফর্মেশন সায়েন্স / ডকুমেন্টেশন সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী,


☞ এরপর ২ পাতায়

## ৩৭২ নার্স

ঋষিকেশের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস 'নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-।।)' পদে ৩৭২ জন লোক নিচ্ছে। নার্সিংয়ের বি.এসসি. অনার্স কোর্স পাশরা যোগ্য। বি.এসসি.

☞ এরপর ৪ পাতায়

PRIMARY TET-এ
এগিয়ে থাকো
সেরার সাথে
Latest Syllabus ও 2019-20 সালের নতুন Question Pattern অনুযায়ী




- Authentic স্টাডি মেটিরিয়াল
- প্রায় 5000 MCQs
- Subject-wise শিক্ষণবিদ্যা (Pedagogy)
- Completely Solved বিগত বছরের প্রশ্নপত্র

chhaya prakashani pvt. ltd.

‘সি-ম্যাট’ পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

## ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্সে ভরতি

পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশনের অনুমোদিত যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান বা, বিশ্ববিদ্যালয়ে ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্সে ভরতির জন্য 'কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট (C-MAT-2020) পরীক্ষার মাধ্যমে দরখাস্ত নেওয়া শুরু হচ্ছে। পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি।

যে কোনো শাখার ৩ বছরের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা 'ম্যানেজমেন্ট (পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট, এম.বি.এ. বা, সমতুল)' কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। যে কোনো

☞ এরপর ২ পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা

**প্রধান কার্যালয়**
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি

**হেল্প লাইন**
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩

**নয়াদিল্লি কার্যালয়**
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

**স্কুল-কলেজ-শিক্ষা**

**ADMISSION FOR**
B.Ed. Course (Session 2019 -2021) in B.Ed. College, Sarisha (Govt.-aided) for General, SC, ST, OBC, PWD & Minority Candidates. Application Forms can be made Online : mpgbtc.org
SH

**কর্মখালি**

**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্ক**
গভঃ স্বীকৃত সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 14300/- – 42700. বয়স : 18 –35. Ex. আর্মির বিশেষ সুযোগ। M - 9851453605.
SA (A)

**এয়ারপোর্ট, মেট্রো ডাইরেক্ট নিয়োগ**
দমদম Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে 119 জন M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম / স্নাতক। বেতন - 17300/- - 45900/-. থাকা-খাওয়া ফ্রী। M : 9732296073.
SA (A)

**দোহাই, আর ঠকবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

**স্কুল-কলেজ-শিক্ষা**

**Math, G.I, GK** বেলঘরিয়া PSC (ক্লার্ক), রেল (Gr.D/SM), ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, CGL, 600PM. চন্দ্র স্যার-9903500682
R

**350/- টাকা**
মাসে RAIL, PSC ক্লার্ক কোচিং WBCS (Spcl) শিয়ালদহ, ঢাকুরিয়া, PA : 9804661270.
SH

**১৮ বছরের অভিজ্ঞ শিক্ষক**
জয়ন্ত রায়। গড়িয়া ও শিয়ালদহে WBCS,RAIL, CGL-MATHS, G.I., G.K. করাচ্ছেন। প্রচুর সফল। Monthly-500/-. 8777217803
SH

মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পাশ করুন। GNM Nursing W.B. last chance BA / MA / MBA / MCA / D.El.Ed. (2018-20) Exam Dec., 2019 FUTURE ACADEMY, Durgapur. 9476470958, 9732017096.
B

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC. মাসে 600/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

**কর্মখালি**

**"পুজোর ভ্যাকান্সি"**
গভঃ স্বীকৃত Airport ও মেট্রো ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 47 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন। পদ : ক্লার্ক, SV., পিওন, গ্রাউন্ড স্টাফ, অন্যান্য। M : 8695726932
SA(A)

**কাজের গ্যারান্টি**
সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে স্থায়ী কাজের সুযোগ। বেতন - 16000/- - 35500/-. M : 7047038421.
SA (A)

**Pvt. ব্যাঙ্কে চাকরী**
পশ্চিমবঙ্গের 23টি জেলায় Pvt. ব্যাঙ্ক (DSA) -তে কর্মী নিয়োগ। বেতন - 16700/- + অন্যান্য। M : 8101811826.
SA (A)

**Airport ও মেট্রো**
Govt. R/L No. - 3923. গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক। বেতন - 17200 – 48500. M - 8967867616.
SA (A)

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 109 জন M/F কর্মী চাই। যোগ্যতা -৮ম / স্নাতক। বেতন - 16700/- – 49300/-. থাকা - খাওয়া ফ্রীতে। যোগাযোগ- M : 9563998788
SA (A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**স্কুল-কলেজ-শিক্ষা**

Math,GK, GI সমস্ত চাকুরীর জন্য ডিফেন্সের স্পেশাল ব্যাচ। কোন্নগর, কালনা, কাটোয়া, বহরমপুর। M:6294140328 (PM 450/).
R

ব্যান্ডেল, রানাঘাট, নৈহাটী, শিয়ালদহ। English Class for UPSC, CGL, ব্যাঙ্ক। 350/- SL: 9674353404.
SH

**নার্সিং ভর্তি !!!**
পুং/স্ত্রী GNM (মোট ১,৫০,০০০) & BSC নার্সিং (মোট ৩,০০,০০০) INC. কলকাতায় পড়ানো হয়। MNCC - (M) 8336015296.
SH

Shri Krishna University Fine Art, B.Ed. (2/4 yr), Ph.D, Pharma, Nursing, Law, Management, Computer - so- Science, Humanities, Commerce, Mass.Com, Yoga. Mobile- 7003963993
SH (S)

GNM B.Sc নার্সিং ব্যাঙ্গালোর D.El.Ed, B.Ed, B.P.Ed- W.B. Ph.D, M.Phil, M.Ed- M.P., LLB, M.P.Ed, Engg, ফার্মেসী। এছাড়া যে কোন কোর্স রেগুলার : ডিস্টেন্সে হয়। BIHM, বোলপুর - 7001731491, মালদা - 9641350551.
UM

**Vision Institute**
**B.Ed & M.Ed.**
**Ph.D, LLB, Pharmacy Engg. & Management**
**GNM, B.Sc নার্সিং**
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
কলকাতা —
7603004974, 7603004973/1

**এক জানলায়**
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সংবাদ ও Appointment & Career News -এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

**বীরভূম ও মুর্শিদাবাদ**
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

**পুরুলিয়া ও বাঁকুড়া**
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

**উত্তর কলকাতা**
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : ashimchowdhury12@gmail.com

**দক্ষিণ ২৪ পরগণা**
Anthesis Media Infotech Pvt. Ltd.
N3 Srinagar Main Road, Kolkata - 700 094
Tel. : 033 2423 0349
8100960001
Email : onlineadbooking1@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে
9874922004

## নেভিতে ৫০০ জন আর্টিফিশার অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

শুরুতে ৯ সপ্তাহের ট্রেনিং হবে আগস্টে, আই.এন.এস. চিল্কায়। তারপর সমুদ্রে ৮ সপ্তাহের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন মাসে ১৪,৬০০ টাকা সফল হলে মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

এরপর 'মাস্টার চীফ পেটি অফিসার' বা, 'মেজর' পদ পর্যন্ত পদোন্নতি হওয়ার সুযোগ আছে। তখন মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। প্রাথমিকভাবে ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর পর্যন্ত বাড়তে পারে। শূন্যপদ : ৫০০টি।

প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের কম্পিউটার বেসড পরীক্ষার 'কল লেটার' পাঠানো হবে ফেব্রুয়ারিতে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, গুয়াহাটি, চিল্কা, আইজল, রাঁচী, শিলঙ ও পোর্ট ব্লেয়ার। যে কেন্দ্রে পরীক্ষা দিতে চান তা দরখাস্তের নির্দিষ্ট জায়গায় লিখবেন। কম্পিউটার বেসড পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে এই ৪টি পেপারে : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) বিজ্ঞান, (৪) অঙ্ক। ১ ঘন্টার ১০০টি প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের, অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

সফলদের তালিকা বেরোবে ২৬ জুন, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে কিংবা এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস ও ১০ বার পুশ-আপ। তারপর ডাক্তারি পরীক্ষা। সবশেষে হবে ইন্টারভিউ, আই.এন.এস. চিল্কায়। ইন্টারভিউ দিতে যাতায়াতের ভাড়া পাবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন। কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

দরখাস্ত করবেন অনলাইনে ৮ নভেম্বর থেকে ১৮ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো স্ক্যান করে নেবেন (ব্যাকগ্রাউন্ড নীল রংয়ের হতে হবে)। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে Apply Online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ও রোল নম্বর স্ক্রিনে পাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ২১৫ টাকা অনলাইনে দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, রুপে কার্ড, ইউ.পি.আই.'এর মাধ্যমে। তপশিলীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## নেভিতে ২,২০০ নাবিক

১ পাতার পর

'মাস্টার চিফ পেটি অফিসার-।' পদ পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন মূল মাইনে: ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, রাত কানা বা, অন্য কোনো শারীরিক রোগ থাকলে যোগ্য নন। শূন্যপদ : ২,২০০টি।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও শারীরিক মাপজোখের পরীক্ষা আর ডাক্তারি পরীক্ষা হবে ফেব্রুয়ারিতে। লিখিত পরীক্ষার প্রশ্ন হবে এই ৪টি পেপারে : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) সায়েন্স, (৪) অঙ্ক। এক ঘন্টার পরীক্ষা ও প্রশ্ন হবে ১০০টি। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের অবজেক্টিভ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

প্রতিটি বিষয়ে আলাদাভাবে ও মোট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন। তারপর ওইদিনেই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিমি দৌড়, ২০ বার ওঠ-বোস ও ১০ বার পুশ-আপ। এরপর ডাক্তারি পরীক্ষা হবে আই.এন.এস. চিল্কায়। ৩-৪ দিন থাকার প্রস্তুতি নিয়ে যাবেন। সফলদের তালিকা পাবেন ২৬ জুন নোটিশ বোর্ডে কিংবা এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে ৮ নভেম্বর থেকে ১৮ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো স্ক্যান করে নেবেন (ব্যাকগ্রাউন্ড নীল রংয়ের হতে হবে)। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে Apply Online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ও রোল নম্বর স্ক্রিনে পাবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ২১৫ টাকা অনলাইনে দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, রুপে কার্ড, ইউ.পি.আই.'এর মাধ্যমে। তপশিলীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সরকারি কলেজে ২৬ লাইব্রেরিয়ান

১ পাতার পর

ও.বি.সি. হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। 'নেট', 'স্লেট' বা, 'সেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। লাইব্রেরি সায়েন্সের ডক্টরেট ডিগ্রি (পিএইচ.ডি.) করে থাকলে নেট / স্লেট/সেট পাশ না হলেও যোগ্য। কম্পিউটারাইজড লাইব্রেরিতে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৫,৬০০-৩৯,১০০ টাকা ও গ্রেড পে ৬,০০০ টাকা। শূন্যপদ : ২৬টি (জেনাঃ ১২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৩, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২, প্রতিবন্ধী ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : 23/2019.

প্রার্থী বাছাই হবে স্ক্রিনিং টেস্টের মাধ্যমে। এরপর লিখিত পরীক্ষা ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ৫ নভেম্বর থেকে ২৫ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ২৬ নভেম্বরের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন।

## ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্সে ভরতি

১ পাতার পর

শাখার ৩ বছরের গ্র্যাজুয়েটরা 'ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট সার্টিফিকেট (পি.জি.সি.এম.)' কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাইয়ের কমন অ্যাডমিশন টেস্ট নেবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি'। কম্পিউটার বেসড পরীক্ষা হবে ২৮ জানুয়ারি। পরীক্ষা হবে সাড়ে ৯টা থেকে সাড়ে ১২টা। পূর্ব ভারতে কলকাতা, শিলিগুড়ি, আগরতলা, জামশেদপুর, ভুবনেশ্বর, পটনা, কটক-সহ অন্যান্য শহরে। সারা ভারতে ৩ ঘন্টার কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষায় (CMAT) প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) কোয়ান্টিটেটিভ টেকনিক্স অ্যান্ড ডাটা ইন্টারপ্রিটেশন, (২) লজিক্যাল রিজনিং, (৩) ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি পেপারে ২৫টি করে প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ৪ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের-জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ফল বেরোবে ৭ ফেব্রুয়ারি।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.cmat.nta.nic.in অনলাইনে দরখাস্ত করার আগে একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০-২০০ কেবির মধ্যে), সিগনেচার (৪-৩০ কেবির মধ্যে) জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ছেলেদের বেলায় ১,৬০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৮০০, ই.ডব্লু.এস. আর ও.বি.সি. হলে ১,০০০, ট্রান্সজেন্ডার হলে ৭০০) টাকা, মেয়েদের বেলায় ১,০০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৭০০, ই.ডব্লু.এস. আর ও.বি.সি. হলে ১,০০০) টাকা নেট ব্যাঙ্কিং /ডেবিট কার্ড /ক্রেডিট কার্ড / ইউ.পি.আই. / পে টি.এম. মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর কনফার্মেশন পেজ প্রিন্ট আউট করে নেবেন। দরখাস্ত করার প্রতিটি ধাপের বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ই-মেল আই.ডি.'তে : cmat.nta2019@gmail.com ফোন : (০১২০) ৬৮৯৫২০০।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাজ্য সরকারের সেরা সেরা পদে

১ পাতার পর

'সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ অফিসার', 'অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার', 'কারেকশনাল সার্ভিসের চীফ কন্ট্রোলার অফিসার, 'কো-অপারেটিভ সোসাইটির ইন্সপেক্টর', 'পঞ্চায়েতের এক্সটেনশন অফিসার', 'পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার' ও 'রি-হ্যাবিলিটেশন অফিসার' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়ার জন্য ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে 'এ', 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৪ থেকে ১-১-১৯৯৯'এর মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৪ থেকে ১-১-২০০০'এর মধ্যে। আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮১ থেকে ১-১-১৯৯৯'এর মধ্যে। সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০২০' এর হিসাবে।

পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা (৪০% বা, তার বেশি প্রতিবন্ধকতা থাকলে) যথারীতি বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের ও.বি.সি. ও তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েরা বয়সে কোনো ছাড় পাবেন না। তবে তাঁরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করতে পারবেন। বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। তবে দার্জিলিং জেলার পার্বত্য এলাকার প্রার্থীদের বেলায় নেপালী ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। এই পদের বিজ্ঞপ্তি নং : 22/2019.

ডব্লু.বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে চাকরি হয় এই ৪টি গ্রুপে : গ্রুপ-এ, গ্রুপ-বি, গ্রুপ-সি ও গ্রুপ-ডি। শুধুমাত্র 'গ্রুপ-বি' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১.৬৫ মিটার ও মেয়েদের ক্ষেত্রে ১.৫০ মিটার। অন্যান্য গ্রুপের বেলায় শরীরের মাপজোখের কোনো কড়াকড়ি নেই।

**কোন গ্রুপে কোন পদে চাকরি ও মূল মাইনে :**

**'এ' গ্রুপে আছে এইসব পদ :**

(১) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (২) অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ রেভেনিউ ইন দ্য ইন্টিগ্রেটেড ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৩) ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাই সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। (৬) ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার-টেকনিক্যাল পদ ছাড়া)। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

ওপরের সব পদের বেলায় শুরুতে মাইনে : ২১,০০০ টাকা।

**'বি' গ্রুপে নেওয়া হবে এই পদে ও মূল মাইনে :** (১) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস। মূল মাইনে : ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। শুরুতে মাইনে ২১,০০০ টাকা।

**'সি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে:** (১) সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম / ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেকশনাল হোম। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৮০০ টাকা। শুরুতে মাইনে : ১৫,৯৬০ টাকা। (২) জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৩) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড-I. মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৬) অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৭) জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিসপিউট রিড্রেশাল কমিশন)। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা। শুরুতে মাইনে : ১৪,৯৩০ টাকা। (৮) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন)। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। শুরুতে মাইনে : ১৩,৪০০ টাকা। (৯) চিফ কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিস। মূল মাইনে : ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। শুরুতে মাইনে : ১৩,৪০০ টাকা।

**'ডি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে :** (১) ইন্সপেক্টর অফ কো-অপারেটিভ সোসাইটি। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১২,২৭০ টাকা। (২) পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১২,২৭০ টাকা। (৩) রিহ্যাবিলাইটেশন অফিসার। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১২,২৭০ টাকা।

ওপরের সব গ্রুপের বেলায় শূন্যপদের সংখ্যা পরীক্ষার পর জানানো হবে।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। ২০২০ সালের 'ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ৯ ফেব্রুয়ারি। কলকাতা-সহ রাজ্যের অন্যান্য কেন্দ্রে। সফল হলে 'মেন পরীক্ষা' হবে, শুধুমাত্র কলকাতায়। প্রিলিমিনারি পরীক্ষা হবে এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে কোড নং দেওয়া হল) : উত্তর কলকাতা (০১), দক্ষিণ কলকাতা (০২), বারুইপুর (০৩), ডায়মন্ডহারবার(০৪), ব্যারাকপুর (০৫), বারাসাত (০৬), হাওড়া (০৭), বর্ধমান (০৮), আসানসোল (০৯), মেদিনীপুর (১০), তমলুক (১১), বাঁকুড়া (১২), বহরমপুর (১৩), মালদা (১৪), জলপাইগুড়ি (১৫), আলিপুরদুয়ার (১৬), কোচবিহার (১৭), শিলিগুড়ি (১৮), কালিম্পং (১৯) ও দার্জিলিং (২০)। দৃষ্টিহীন প্রার্থীরা স্ক্রাইবের সহায়তা নিতে পারবেন। সব সম্প্রদায়ের প্রার্থীরা নির্দিষ্ট বয়সের মধ্যে যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন।

লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর ও সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, (৫) পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি।

ইংরিজি কম্পোজিশন অংশে থাকবে গ্রামারের প্রশ্ন। ভারতীয় ভূগোল অংশে পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় কৃষি ও প্রাকৃতিক সম্পদ -সহ সামাজিক ও অর্থনৈতিক ভূগোল, রাষ্ট্রনীতি ও অর্থনীতি অংশে রাষ্ট্রপদ্ধতি, পঞ্চায়েতীরাজ, কমিউনিটি উন্নয়ন ও ভারতের পরিকল্পনা বিষয়, ভারতের জাতীয় আন্দোলন অংশে অষ্টাদশ শতাব্দীর প্রকৃতি ও বৈশিষ্ট্য আর জেনারেল মেন্টাল এবিলিটি টেস্ট অংশে থাকবে লজিক্যাল রিজনিং ও সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে ভারতীয় ইতিহাস। প্রিলিমিনারি পরীক্ষায় নির্দিষ্ট নম্বর পেলে কোয়ালিফাইং করতে পারবেন। তবে চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষার নম্বর ধরা হবে না।

'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে 'মেন' পরীক্ষা হবে আগামী বছর আগস্ট মাস নাগাদ। A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা / হিন্দি / উর্দু / নেপালী / সাঁওতালি — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) / ২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা / হিন্দি / উর্দু / নেপালী / সাঁওতালি ভাষায় অনুবাদ।

এরপর ৭ পাতায়





এন এস আই সী
NSIC

MSME TOOL ROOM-KOLKATA
Ministry of Micro,
Small & Medium Enterprises, Govt. of India
Bon Hooghly Industrial Area, Kolkata-700 108, E-Mail: cttc-msme@gov.in

FREE RESIDENTIAL TRAINING PROGRAM FOR SC/ST CANDIDATES

MSME Tool Room Kolkata is a leading Tool Room & Training Centre under Ministry of MSME Govt. of India, imparting skill based Training program in the field of Tool Engineering & Technology. Application are invited from intending candidates in the prescribed form for admission to the following courses.

| SL. No. | Name of Course | | For further details contact |
|---|---|---|---|
| 1. | Certificate Course in Handheld Product-HHP (Tablets, Mobile Phones, Smart Phones etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 9038578065 9933727014 |
| 2. | Certificate Course in Audio Video - AV (LED, LCD, Plasma TV, Home Theater with Blue Ray Player etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 9038578065 8017418603 |
| 3. | Certificate Course in Room Air Conditioner & Home Appliances - RACHA (Split AC, Conventional & Inverter Model, Refrigerator, Washing Machine, Microwave Oven etc.) | NSQF COMPLIANT LEVEL 5 | 9038578065 9477373445 |

Qualification : H.S. / Vocational Trades / ITI / Diploma / B.A / B.Sc/ B.Com

IMPORTANT NOTE :
■ Theory, Practical & On Site Training Classes to be conducted at CTTC Kolkata & Service Centres of Reputed Electronic Companies.
■ Limited Seats are available (First Come First Serve Basis)

Our Placement Report is 100% for above courses, after successful training.

Interested Candidates may directly report to the Training Cell of CTTC, Kolkata & for getting admission

For any further details visit our Website: www.msmetoolroomkolkata.com

Training Cell Contact No. : 9330193304


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কর্মখালি

Facility Manager is required in a Abason in New Town. Salary Rs. 12000/- PM++. Contact Mob: 9830666160

SH (S)

Govt. স্বীকৃত অফিসের জন্য (মাধ্যমিক+অনূর্ধ্ব 30) 120জন M/F চাই। আয় : 10500/-+ থাকা ফ্রী। কলকাতা : 8697565808.

SG

### স্টার হোটেলে চাকরি

কম খরচে ট্রেনিং, সরাসরি জয়েনিং। বেতন, থাকা-খাওয়া ফ্রী। BIHM, বোলপুর- 9474833208

UM

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

### স্থায়ী চাকরি

পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত সংস্থাতে স্বনির্ভর প্রকল্পে 42 জন যুবক-যুবতী নিয়োগ চলছে। বয়স : 18-30. যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক, আয় :5500/--15500/- প্রতিমাসে (ট্রেনিং চলাকালীন) ও 25500/- - 35500/- প্রতিমাসে (ট্রেনিং শেষে) +প্রমোশন। বায়োডাটাসহ সত্বর যোগাযোগ করুন নিচের নম্বরে : দমদম : 8334850487, বেহালা : 8336889469, শিলিগুড়ি : 9002455329, জলপাইগুড়ি : 7085075349, কালিম্পঙ : 7630835885.

SG

### দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. -১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

## কর্মখালি

### জি. আই. টিচার চাই

কামাল হোসেন কোচিং-এ ২ জন পার্ট টাইম জেনারেল ইন্টেলিজেন্স-এর টিচার চাই। ক্লাস প্রতি 700/-। সাক্ষাৎ 11 নভেম্বর 12-2টা। কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

RC

### Dreamz Group

শূন্যপদ: 23,000 (নিজের এলাকায় কাজ করতে হবে)। MP-MBA (8k-42k).033-46042738, 9123748705, 8336888761

R

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলার P.V.T স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (11600 – 18900) থাকা-খাওয়ার সুবিধা। M- 9830597944

SA

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, Pvt. Co., শপিংমলে নিয়োগ চলছে। বেতন - 12500–18500. 8436485750

SA

### SBI, VODA ও JIO 4G

বাংলা ও হিন্দিভাষী কাস্টঃ কেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/অনভিজ্ঞ ছেলে মেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতনঃ 12,000 + অন্যান্য সুযোগ সুবিধা। দমদম : 7365834373, গড়িয়া : 9002033880, এয়ারপোর্ট : 8420666060

R

### ট্রেনিং দিয়ে কর্মী নিয়োগ

মাধ্যমিক-স্নাতক ও ইলেকট্রিশিয়ান, ফিটার ও সিভিল ট্রেডে পাস করে থাকলে কোম্পানিতে ট্রেনিং ও কাজের ও ইঞ্জিনিয়ারিং পড়ার ব্যবস্থা আছে। www.ice.net.in / imeindia.in M: 7584956125

SH (S)

### আর্জেন্ট ভ্যাকান্সি

শূন্যপদ - ১৩০। 3 Star এবং 5 Star হোটেল-এ বিভিন্ন পদে কর্মী নিয়োগ চলছে। PF, ESI, থাকা ও খাওয়ার সুবিধা আছে। বেতন - 12792/- – 16792/-. M - 8609637802.

SA

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

পঃ বঃ প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন (12500 – 18500)। M - 8348727948.

SA

Special Appointment, Work Place in Laketown. পদ- ম্যানেজার ও উচ্চপদে 32 জন M/F আবশ্যক। মাধ্যমিক+ অনূর্ধ্ব 30. আয়6800/-16000/-. যোগাযোগ- 7003607387/9051860399.

SG

প্রতি শনিবারের

কর্মসংস্থান

এখন প্রতি বুধবার বেরোয়

বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগামী ১৬ নভেম্বর সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ৯ নভেম্বর, বিকেল ৫টার মধ্যে। একমাত্র পত্রিকা দফতরে। প্রতি রবিবার অফিস বন্ধ।

## পশ্চিমবঙ্গ পুলিশ 2019, মেইন ক্লাস

মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টারে শুরু হয়েছে WBP 2019 সালের মেইন পরীক্ষার বিশেষ প্রস্তুতি। 2018 সালে WBP কনস্টেবল পরীক্ষায় এই প্রতিষ্ঠান থেকে 334 জন ছাত্র চূড়ান্ত সফলতা লাভ করেছে। প্রতিষ্ঠানের কর্ণধারের কথায় মাঠ পাশ করার পর সময় খুব কম পাওয়া যায়। তাই এখন থেকেই শুরু হয়েছে এই কর্মযজ্ঞ। এছাড়া গত 26 শে অক্টোবর সেনাবাহিনীর পরীক্ষায় 99% প্রশ্ন কমন ছিল। তাই বহরমপুর ও কলকাতা র‍্যালির ছাত্ররা মেডিকেল ফিট হয়েই যোগাযোগ করুন। এছাড়া ক্লাস চলছে Excise Constable, টেরিটোরিয়াল আর্মি, C.I.S.F Tradesman, Railway Group-D, N.T.P.C., WBCS ইত্যাদি। যোগাযোগ- হেড অফিস- মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)। Admission Helpline: 9733894444, 9547004388, 7432955888

## ৩৭২ নার্স

১ পাতার পর

নার্সিং বা, বি.এসসি. নার্সিং (পোস্ট-বেসিক) কোর্স পাশ হলেও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরা নার্স ও মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকলে আর ৫০ শয্যার হাসপাতালে স্টাফ নার্স হিসাবে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলেও আবেদনের যোগ্য। কম্পিউটারে অফিস অ্যাপ্লিকেশন ও স্প্রেড শীট ও প্রেজেন্টেশনে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ৯,৩০০-৩৪,৮০০ টাকা ও গ্রেড পে ৪,৬০০ টাকা। শূন্যপদ : ৩৭২টি (জেনাঃ ১৫০, ও.বি.সি. ১১৯, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৫১, ই.ডব্লু.এস. ৩৬)। এই পদের পোস্ট কোড : Advt #2019/256/09/11/2019:
প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা/ স্কিল টেস্ট / ইন্টারভিউয়ের মাধ্যমে। দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.aiimsrishikesh.edu.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৩,০০০ (ও.বি.সি. হলে ১,৫০০, তপশিলী হলে ৫০০) টাকা অনলাইনে জমা দেবেন। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ই.এস.আই. হাসপাতালে ২০০ ফার্মাসিস্ট

পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দফতরের অধীন ডিরেক্টরেট অফ ই.এস.আই. (এম.বি.) স্কিমে কাজের জন্য 'ফার্মাসিস্ট গ্রেড-।।। /ফার্মাসিস্ট কাম সেলসম্যান গ্রেড-।।।' পদে ২০০ জন লোক নিচ্ছে। ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি/ অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। পশ্চিমবঙ্গ ফার্মাসি কাউন্সিলে 'এ' ক্যাটেগরির ফার্মাসিস্ট হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০১৯'এর হিসাবে ৩৯ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ :২০০টি (জেনাঃ ৯৭, তঃজাঃ ৪৪, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৯, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১৩, প্রতিবন্ধী ৮, মেধাবী খেলোয়াড় ৬)। এই পদের বিজ্ঞপ্তি নং : 21/2019. প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। প্রার্থীর সংখ্যা বেশি হলে এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে। এই টেস্টে সাধারণ প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩৮%, তপশিলী জাতির প্রার্থীরা ৩৫%, তপশিলী উপজাতির প্রার্থীরা ৩০% নম্বর পেলে সফল হবেন। এরপর হবে ইন্টারভিউ। প্রার্থীর সংখ্যা আশাতিরিক্ত না হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।
দরখাস্ত করবেন অনলাইনে, ২১ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ টাকা দেবেন। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ২২ নভেম্বরের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## উত্তরপাড়া পুরসভায় ২২ ক্লার্ক, পিওন, ড্রাইভার

উত্তরপাড়া-কোতরং পুরসভা অ্যাসেসমেন্ট ইন চার্জ, স্যানিটারি ইন্সপেক্টর, স্টোরকীপার, ড্রাইভার, পাম্প অপারেটর, ক্লার্ক, পিওন, মজদুর পদে ২২ জন লোক নিচ্ছে। শূন্যপদ : ক্লার্ক পদে ৬টি, পিওন ৩টি, ড্রাইভার ৫টি, পাম্প অপারেটর ৪, মজদুর ১টি, অ্যাসেসমেন্ট ইন চার্জ ১টি, স্যানিটারি ইন্সপেক্টর ১, স্টোরকীপার ১টি। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি বিস্তারিতভাবে পাবেন এই ওয়েবসাইটে : www.uttarparamunicipality.in দরখাস্ত করার শেষ তারিখ ৩০ নভেম্বর।

## ৩ সেনাবাহিনীতে ৪১৭ অফিসার

১ পাতার পর

সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০২'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৫০তম কোর্সে ট্রেনিং শুরু ২০২১ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ১০০টি।
অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) : যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৬ থেকে ১-১-২০০২'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৯ মাসের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (মেন) ২২৫টি। ১১৩তম কোর্সে ট্রেনিং শুরু ২০২১ সালের এপ্রিলে। ২৭তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২১ সালের এপ্রিলে। শূন্যপদ : ১৬টি।
ন্যাভাল অ্যাকাডেমি : ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০২'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২১ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ৪৫টি।
এয়ারফোর্স অ্যাকাডেমি : উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০১'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০১'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। মাইনে ওপরের মতোই। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ট্রেনিং শুরু ২০২১ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ৩২টি।
এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন।
প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (।)-২০২০' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ২ ফেব্রুয়ারি। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।
ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ।
অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে।
সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।
দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## মেধাবী ও পিছিয়ে পড়াদের রাইস এডুকেশন মেরিট স্কলারশিপ

**নিজস্ব প্রতিনিধি :** মেধাবী ও আর্থিক দিক থেকে পিছিয়ে থাকা ৫০০ ছাত্র-ছাত্রীকে সরকারি চাকরির প্রস্তুতি নেওয়ার 'রাইস এডুকেশন মেরিট স্কলারশিপ' দিচ্ছে 'সমীত রে ফাউন্ডেশন'। এই কর্মসূচিতে রাইস'র কোর্স ফী'র ক্ষেত্রে ৫০% পর্যন্ত স্কলারশিপ দেওয়া হবে। আর সুযোগ পাওয়া যাবে এইসব চাকরির পরীক্ষার জন্য : ডব্লু.বি.সি.এস, জেনারেল কম্বাইন্ড (ব্যাঙ্ক, রেলওয়ে, পি.এস.সি, এল.আই.সি, পোস্টাল এস.এস.সি, রাজ্য ও কলকাতা পুলিশ)। শিক্ষাগত যোগ্যতা দরকার ন্যূনতম উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। উচ্চমাধ্যমিক বা, সমতুল যোগ্যতার প্রাপ্ত নম্বরের শতকরা হার ও লিখিত পরীক্ষার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হবে। এছাড়াও ডিগ্রি কোর্স পাশ ছাত্র-ছাত্রীদের অতিরিক্ত স্কলারশিপ দেওয়া হবে ও সেক্ষেত্রে ডিগ্রি কোর্সে ৬০% বা, তার বেশি নম্বর পেতে হবে। স্কলারশিপের সুযোগ পাওয়া যাবে ৩০ নভেম্বর পর্যন্ত ও ১৫ নভেম্বরের মধ্যে নাম নথিভুক্ত করতে হবে রাইস'র যে কোনো কেন্দ্রে। বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এই নম্বরে : ৮৩৩৬৯৩৪৪৬৮, ৮৪৭৯৯১৮০৪১।

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

## সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি :** কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা, প্যারামেডিক্সের ৬টি বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এঞ্জেল মেডিস্কিল হেল্‌থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য : (১) এক্স-রে টেকনিশিয়ান, (২) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (৩) বেসিক হেল্‌থ কেয়ার কোর্স আর উচ্চমাধ্যমিক বিজ্ঞান বিভাগের ছেলেমেয়েদের জন্য : (১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান, (২) অ্যাসিস্ট্যান্ট ফিজিওথেরাপিস্ট, (৩) রেডিওলজি টেকনিশিয়ান। আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতার ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর, নিউআলিপুর সেন্টারের জন্য : ৯০৭৩৯৪৩৪৯১, ৯০৭৩৯৪৩৪৯৭। শিলিগুড়ি : ৯০৫১০১৩৫০২, মালদা : ৯০৫১০৫১৩০৫, দুর্গাপুর : ৯৮৭৪৭৪৭০৩০, হাওড়া : ৯০৫১০১৩৫০৪, ব্যারাকপুর : ৯৮৭৪৬৪৪১১৬, জলপাইগুড়ি : ৯৮৭৪৬৪৪১১৫, কোচবিহার : ৯৮৭৪৬৪৪১১৪, দঃ ২৪ পরগনা : ৯৮৭৪৬৪৪১১২। কোর্স ফী সবচেয়ে কম ও সকলের সাধ্যের মধ্যে। আসন সংখ্যা সীমিত।

## আর্মি, নেভি, এয়ারফোর্স ও রাজ্য পুলিশের মাঠ এবং লিখিত পরীক্ষার প্রস্তুতি

আর্মি জি.ডি, ট্রেডসম্যান, ক্লার্ক, টেকনিক্যাল ও নার্সিং অ্যাসিস্ট্যান্ট-এ যেসব প্রার্থীরা মাঠ ও মেডিক্যাল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের মধ্যে ১০০ জনকে স্বল্প খরচে লিখিত পরীক্ষার প্রস্তুতি দেওয়া হবে ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমিতে। এছাড়াও যেসব কোর্সে ভর্তি চলছে : বহরমপুর আর্মি র‍্যালি, টেরিটোরিয়াল আর্মি, রিলেশন র‍্যালি, রাজ্য পুলিশ কনস্টেবল / দিল্লি পুলিশ ও এস.আই (Pre/Mains), CISF Head Constable, Tradesman ও Coast Guard। পরবর্তী ব্যাচ ৮, ১২, ১৬, ২০ ও ২৫ নভেম্বর'১৯। ট্রেড অনুযায়ী বিষয়ভিত্তিক পৃথক ক্লাস। ইংরেজি এবং বাংলাতে কমনযোগ্য নোটস্ ও সাপ্তাহিক টেস্ট। দুর্বল প্রার্থীদের ফিজিক্স, কেমেস্ট্রি, অঙ্ক, ইংরেজি ও মাঠের প্রস্তুতিতে বিশেষ নজরদারি। নিজস্ব হোস্টেলে থাকা-খাওয়ার সুব্যবস্থা। যোগাযোগ : H.O.- ৪৫৪, পি. কে. গুহ রোড, এয়ারপোর্ট গেট নং-১, কল-২৮, ফোন- ৯৮৩৬৬৩৫৫৫৫। রাজারহাট- ৯৮৩১২৩৪২৩৫। গড়িয়া- ৮৪২০৯১৯৭৬৫।


এখন পাঠক সংখ্যা বেড়ে ছাড়ালো প্রায়

**২০ লাখ***



* Indian Readership Survey Q1 2019

সারা ভারতের সেরা ৫ পত্রিকার মধ্যে *

**কর্মসংস্থান**

* as per Audit Bureau of Circulation 30.06.2019


## রেলে নার্স

দক্ষিণ-পূর্ব রেলের চক্রধরপুর ডিভিশনের অধীন ডিভিশনাল রেলওয়ে হসপিটালে স্টাফ নার্স পদে ৩ জন লোক নিচ্ছে। ১ বছরের চুক্তিতে কাজ করতে হবে। পারিশ্রমিক মাসে ১৮,৬৪৫ টাকা। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ২০ নভেম্বর, বেলা ১০টায়। এই ঠিকানায় : The Chief Medical Superintendent, Chakradharpur, West Singhbhum, Jharkhand-833102. আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ser.indianrailways.gov.in এই পদের বিজ্ঞপ্তি নম্বর : 10/19/Med/CKP dated 21.10.2019

**Aurobinda Pvt. ITI**
**Kalyani, Nadia**

Urgent Requirement

Part Time Instructor (Fitter & Elect.)
Diploma / ITI with 3-5 yrs.exp.

Centre-in-charge / Placement Officer
Graduate with 5 yrs. related exp.

Fresher may also apply as Trainee for both the position.

Male/Female both can apply

Mail your CV at
saeipvtiti@gmail.com

**GOVERNMENT OF INDIA**
**Department Of Posts**
**O/o the Superintendent of POs'**
**Nadia, South Division**

भारतीय डाक
India Post

**Ph: 033-25828514 / 25820006 / 25828682**

Notified that some Direct Agents preferrably 12th Standard passed are to be engaged for Insurance Business of Postal Department in Nadia South Division on commission basis. 10th standard passed candidates are also eligible if they reside in a area having population of less than 5000. Interested candidates may appear in Walk-in Interview to be held on 26-11-2019 at 11 A.M in this office with all Xerox copies of testimonials & photographs.

Sd/
Supdt. of Post offices
Nadia South Division
Kalyani- 741235


**সরকারি কোর্সের জন্য ভর্তি**

**N.C.V.T ITI**
Elec/Fitter/Diesel Mech/Welding from Orissa State and W.B

**Class 10th / 12th from NIOS**

UGC/DEB Approved. Distance Univ. থেকে BA/BCOM/MA/MCOM / B.Sc /M.Sc / MBA / BBA / BCA

**B.Ed/D.El.Ed** from W.B
Polytech / B.Tech/M.Tech & LLB From W.B

হোটেল ম্যানেজমেন্টে ভর্তি শুরু
Dip. Level, B.Sc Level, MBA Level

N.B. কোচিংয়ের ব্যবস্থা আছে থিওরি ও প্র্যাক্টিক্যাল-সহ

Halisahar Vasco Da Gama College Estd.1991
Admission Guidance & Coaching Centre

**7980435103**



# GSCE

বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে

**WBCS**
বয়স : ২০-৩৯ বছর • ফর্ম ফিলাপ : ২৫/১১/১৯ পর্যন্ত

**SSC CGL**
বয়স : ১৮-৩২ বছর • ফর্ম ফিলাপঃ ২৫/১১/১৯ পর্যন্ত

জিএসসিই-তে নিম্নলিখিত কোর্স সমূহে ভর্তি চলছে

**WBCS** Preliminary + Main (Compulsory + Optional) + Interview

**Regular Combined** Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.

Short Time **Crash Course** on an Upcoming Exam

**Interview, Personality Development & Grooming Course**

## ডব্লুবিসিএস পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত - স্বপ্নপূরণে পাশে আছে জিএসসিই

WBCS পরীক্ষায় সাফল্য পেতে গেলে প্রয়োজন সঠিক পরিকল্পনা, পরীক্ষার প্রতিটি বিষয়ের উপর স্বচ্ছ ধারণা, নিয়ম মেনে পড়াশুনা, সুনির্দিষ্ট গাইডলাইন, স্বকীয়তা, আত্মবিশ্বাস, দৃঢ় প্রত্যয়ী মানসিকতা ও উপস্থিত বুদ্ধি। যে কোনো শাখায় স্নাতক হলেই WBCS পরীক্ষাটি দেওয়া যায়। এই পরীক্ষাটিতে সফল প্রার্থীরা ডেপুটি কালেক্টর কাম ডেপুটি ম্যাজিস্ট্রেট, ব্লক ডেভেলপমেন্ট অফিসার (B.D.O.), কমার্শিয়াল ট্যাক্স অফিসার, ল্যান্ড অ্যান্ড রেভেনিউ অফিসার, পুলিশের ক্ষেত্রে ডি.এস.পি. সহ পশ্চিমবঙ্গ সরকারের নানা গুরুত্বপূর্ণ পদে চাকরি পান। পরীক্ষাটি সাধারণত প্রিলিমিনারি, মেইনস, ইন্টারভিউ এই তিনটি ধাপে হয়ে থাকে। একচান্সেই সাফল্য পেতে কয়েকটি বিষয় মাথায় রাখা জরুরি : (i) নিয়মিত মকটেস্ট (ii) কাট অফ মার্কসের ব্যাপারে অবগত হওয়া (iii) পরীক্ষায় গুরুত্বপূর্ণ এবং অ-গুরুত্বপূর্ণ বিষয় সম্বন্ধে সম্যক ধারণা। (iv) বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে প্রিলি, মেনস্-এর উপর ১০০ শতাংশ কমন পাওয়ার লক্ষ্যে প্রস্তুতি নেওয়া। (v) সময়ের মধ্যে প্রশ্ন শেষ করার কৌশল রপ্ত করা। (vi) ইন্টারভিউ রুমে নিজেকে সপ্রতিভ রাখার ধ্যানকৌশল রপ্ত করা প্রভৃতি। এ বিষয়ে সাফল্যের দিক নির্দেশিকা নিয়ে চলেছে শতাব্দী প্রাচীন জর্জ টেলিগ্রাফ গ্রুপের জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সামস্ বা জিএসসিই। WBCS সহ অন্যান্য সরকারি চাকরির জন্য প্রস্তুত হচ্ছেন বা নেওয়ার কথা ভাবছেন এমন প্রত্যেকেই নিকটবর্তী GSCE কেন্দ্রে শীঘ্রই যোগাযোগ করতে পারেন। GSCE-র WBCS কোর্সে ভর্তি হলে যে সুবিধাগুলি পাওয়া যায়- • অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী • অতি প্রয়োজনীয় Time Management এবং Shortcut Technique শেখার সুযোগ • ১০০% কমনযোগ্য, সাজেস্টিভ এবং কার্যকরী স্টাডি মেটেরিয়ালস • নিয়মিত ক্লাস, ক্লাস টেস্ট, মক টেস্ট এবং ডাউট ক্লিয়ারিং ক্লাস • Home Works, Judge Yourself • ইন্ডিভিজুয়াল কেয়ারের মাধ্যমে পিছিয়ে পড়া ছাত্রছাত্রীদের উপর বিশেষ যত্ন প্রদান • প্রতিদিন ক্লাসের শুরুতেই প্রস্তুতি যাচাই করার জন্য Performance Test বিশেষ হোম ওয়ার্ক কপির ব্যবস্থা • বিশেষ ক্লাসের ব্যবস্থা • স্পীড টেস্ট-এর ব্যবস্থা ও লাস্ট মিনিট সাজেশন • প্রিলিমিনারি, মেন এবং ইন্টারভিউ-এর সুসংবদ্ধ গাইডলাইন • কাট অফ মার্কসের ব্যাপারে অবগত হওয়া • শিক্ষামূলক পরিবেশে সমস্ত কেন্দ্রই হেড অফিস কলকাতা থেকে পরিচালিত হওয়ার সুযোগ • সাপ্তাহিক স্টাডি মেটিরিয়ালস্ • নিজস্ব বাংলা মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স' • ইংরেজি মাসিক ম্যাগাজিন 'অ্যাচিভার্স ইন ফোকাস' • নিজস্ব সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা, চাকরি ও খেলা' • উন্নতমানের ফ্রি লাইব্রেরি ও গ্রুপ স্টাডির ব্যবস্থা • Personality Development ও Group Discussion-এর উপর বিশেষ যত্নপ্রদান • অফলাইন পরীক্ষার ব্যবস্থা ও ছাত্রছাত্রীদের সুবিধার জন্য অনলাইন মক টেস্ট দেওয়ার সুযোগ • ইন্টারভিউ রুমে নিজেকে সপ্রতিভ রাখতে শেখা • ছাত্রছাত্রীদের সুযোগ সুবিধার জন্য প্রতিটি ব্যাচে কোর্স মেন্টর • অনলাইন ও অফলাইন ফর্ম ফিল্-আপ-এর সুবন্দোবস্ত • চাকরি পাওয়া পর্যন্ত সমস্ত ধরনের সুযোগসুবিধা পাওয়া • সর্বোপরি আধিকারিকবৃন্দের সম্পূর্ণ গাইডলাইন ও মোটিভেশন। ফলাফল-GSCE-র WBCS কোর্সে ভর্তি হলে সুনিশ্চিত সরকারি চাকরির সুযোগ।

**জিএসসিই-তে WBCS পরীক্ষার প্রস্তুতির উপর যা পাওয়া যাবে**

**Preliminary**

1. নিয়মিত ক্লাস, 2. 6টি স্টাডি মেটিরিয়াল বুক, 3. পরীক্ষার সিলেবাসের উপর ভিত্তি করে বিষয়ভিত্তিক নিয়মিত ক্লাস টেস্ট, 4. প্রত্যেক সপ্তাহে 1টি করে Mock Test, 5. সম্পূর্ণ সিলেবাসের উপর স্পেশাল স্টাডি মেটিরিয়ালস্।

**Mains**

6. নিয়মিত ক্লাস, 7. প্রত্যেকটি বিষয়ের উপর ক্লাস টেস্ট, 8. প্রত্যেক সপ্তাহে একটি করে Mock Test. 9. সম্পূর্ণ সিলেবাসের উপর দুটি বই।
10. যে যে অপশনাল বিষয়গুলির উপর স্টাডি মেটিরিয়ালস্ দেওয়া হবে- History (Both Versions), Anthropology (Both Versions), Sociology (Both Versions), Psychology (Bengali Version), Polity (Bengali Version)।

কখনো কখনো ছাত্রছাত্রীরা সরকারি চাকরির প্রস্তুতির জন্য ব্যক্তি বিশেষের কাছে প্রাইভেট টিউশন নিয়ে থাকে। চাকরির পরীক্ষায় কোনো একটা বিষয়ের কিছুটা জানা ও সব শিক্ষা প্রতিষ্ঠানের নির্দিষ্ট গাইড লাইন মেনে প্রয়োজনীয় প্রতিটি বিষয়ের উপরে সমান গুরুত্ব প্রদান করে পড়াশোনা করা ও টাইম ম্যানেজমেন্ট শিখে পরীক্ষার হলে প্রয়োগ করতে আসার মধ্যে বিস্তর ব্যবধান থাকে যা উপলব্ধি করতে করতেই অনেকটা সময় চলে যায়। এইভাবে হয়তো কিছুটা জানা যায়, কিন্তু সরকারি চাকরির পরীক্ষায় হাজার হাজার প্রতিযোগীর মধ্যে নিজের জায়গাটিকে পাকা করার জন্য যে সিস্টেমেটিক কন্টিনিউয়াস প্র্যাকটিসের প্রয়োজন হয়, তা সম্ভবপর হয় না। সুতরাং এই পদ্ধতিতে সময় ও মনোবল দুই-ই নষ্ট হয়। অভিভাবকবৃন্দের কাছে আবেদন, শতাব্দী প্রাচীন জর্জ টেলিগ্রাফের জিএসসিই-তে সন্তানদের নিয়ে আসুন, ফ্রি কেরিয়ার কাউন্সেলিং-এর সুযোগ নিন জীবনে প্রতিষ্ঠা পাওয়ার পথে সন্তানদের এগিয়ে যেতে সাহায্য করুন।

ডব্লুবিসিএস পরীক্ষায় জিএসসিই-র সফল ছাত্রছাত্রীদের মধ্যে কয়েকজন



**শিয়ালদহ** (হেড অফিস) / ১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২ / ✆ 9674087465 ✆ 9051040306

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 | ডায়মন্ডহারবার | 9230056662 | আসানসোল | 9674087475 | মালদা | 9674087472 |
| গড়িয়াহাট | 9230056665 | ক্যানিং | 7031615596 | দুর্গাপুর | 9674025500 | বালুরঘাট | 9230056676 |
| নেতাজীনগর | 9674087860 | হাওড়া ময়দান | 9230056677 | বর্ধমান | 9674025700 | রায়গঞ্জ | 8017491728 |
| বারাসাত | 9674087467 | বাগনান | 9674087468 | কোন্নগর | 9230056667 | ইসলামপুর | 9830277597 |
| ব্যারাকপুর | 9230056668 | তমলুক | 8697984951 | তারকেশ্বর | 9830277743 | শিলিগুড়ি | 9674087473 |
| কল্যাণী | 9674087469 | কাঁথি | 9674140376 | ব্যান্ডেল | 9230056669 | দার্জিলিং | 9674087821 |
| রানাঘাট | 9674083508 | পঃমেদিনীপুর | 9230056671 | কাটোয়া | 9830277230 | কালিম্পং | 9830277171 |
| কৃষ্ণনগর | 9674087470 | ঝাড়গ্রাম | 9674087874 | বোলপুর | 9674012025 | জলপাইগুড়ি | 9674025600 |
| সোনারপুর | 9674087466 | বাঁকুড়া | 8017491727 | রামপুরহাট | 9674061397 | ধূপগুড়ি | 9830277257 |
| | | পুরুলিয়া | 9830277820 | বহরমপুর | 9674087471 | আলিপুরদুয়ার | 9674033336 |
| | | | | | | কোচবিহার | 9830277023 |
| | | | | | | দিনহাটা | 9830277698 |

**Helpline :** 9830277100/200/300

পরীক্ষার খুঁটিনাটি জানতে- **9231036500**

**Toll Free No. 18001230667**

উপরিউক্ত কোন একটি নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

**Special Seminar on Govt. Jobs.** It is Free

| Date | Day | Place | Time |
|---|---|---|---|
| 6/11/19 | Wednesday | Burdwan | 12.00 noon |
| 8/11/19 | Friday | Jalpaiguri | 11.30 am |
| | | Dhupguri | 2.30 pm |
| 9/11/19 | Saturday | Dinhata | 10.00 am |
| | | Alipurduar | 2.00 pm |
| 10/11/19 | Sunday | Coochbehar | 10.00 am |
| 11/11/19 | Monday | Siliguri | 10.00 am |

Website : www.gsceindia.org | George Telegraph • Since 1920


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ৩৮০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

**কারা কোন ট্রেডের জন্য যোগ্য :**

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, মেকানিক্যাল :** মেকানিক্যাল বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কিংবা আই.টি.আই. পাশের পর ২ বছরের ল্যাটারাল এন্ট্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কিংবা আই.টি.আই. পাশের পর ২ বছরের ল্যাটারাল এন্ট্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, টেলিকমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড রেডিও কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কিংবা আই.টি.আই. পাশের পর ২ বছরের ল্যাটারাল এন্ট্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাসিস্ট্যান্ট হিউম্যান রিসোর্স) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) :** কমার্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য।

**ডাটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিস) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য।

**ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ওপরের সব ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতায় অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩১-১০-২০১৯’ এর হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.’রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস কোর্স ১ বছরের ও ডাটা এন্ট্রি অপারেটর আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ট্রেড ১৫ মাসের ট্রেনিং। অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৮ ডিসেম্বর। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে । প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় ১০০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর আর বাকি ২৫টি প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউট ও রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট, জেনারেল নলেজ বিষয়ে। ‘ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)’ পদের বেলায় ১০০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্ন হবে জেনারেল অ্যাকাউন্টস, কমার্স, ফিনান্স বিষয়ে আর বাকি ২৫টি প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউট ও রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট, জেনারেল নলেজ। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাসিস্ট্যান্ট-হিউম্যান রিসোর্স) পদের বেলায় ১০০টি প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউট ও রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট ও জেনারেল নলেজ /অ্যাওয়ারনেস। ডাটা এন্ট্রি অপারেটর ও ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় ১০০টি প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউট ও রিজনিং, জেনারেল ইংলিশ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট, জেনারেল নলেজ / অ্যাওয়ারনেস, উচ্চমাধ্যমিক মানের। সময় থাকবে ২ ঘন্টা।

দরখাস্ত করবেন অনলাইনে ২২ নভেম্বর পর্যন্ত, এই ওয়েবসাইটে : https://plis.indianoilpipelines.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোন রিজিয়নে ক’টি শূন্যপদ:

**পশ্চিমাঞ্চলে : গুজরাট** — মেকানিক্যাল ৩৫টি (জেনাঃ ১৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩, প্রতিবন্ধী ১)। ইলেক্ট্রিক্যাল ১৯টি (জেনাঃ ৮, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)। হিউম্যান রিসোর্স ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)। অ্যাকাউন্টস /ফিনান্স ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। টি অ্যান্ড আই. ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)। ডাটা এন্ট্রি অপারোর ১টি (জেনাঃ)। ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ২টি (জেনাঃ)।

**রাজস্থান** — মেকানিক্যাল ১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)। ইলেক্ট্রিক্যাল ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। হিউম্যান রিসোর্স ২টি (জেনাঃ)। অ্যাকাউন্টস /ফিনান্স ২টি (জেনাঃ)। টি অ্যান্ড আই. ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। ডাটা এন্ট্রি অপারেটর ১টি (জেনাঃ)।

**পূর্বাঞ্চল — পশ্চিমবঙ্গ** - মেকানিক্যাল ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিক্যাল ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। হিউম্যান রিসোর্স ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। অ্যাকাউন্টস / ফিনান্স ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। টি অ্যান্ড আই. ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ডাটা এন্ট্রি অপারেটর ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**বিহার** — মেকানিক্যাল ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিক্যাল ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৩)। হিউম্যান রিসোর্স ১টি (জেনাঃ)। অ্যাকাউন্টস / ফিনান্স ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। টি অ্যান্ড আই. ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**আসাম** — মেকানিক্যাল ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। ইলেক্ট্রিক্যাল ৭টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। হিউম্যান রিসোর্স ১টি (জেনাঃ)। অ্যাকাউন্টস / ফিনান্স ১টি (জেনাঃ)। টি অ্যান্ড আই. ৭টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**উত্তর প্রদেশ** — মেকানিক্যাল ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ইলেক্ট্রিক্যাল ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। টি অ্যান্ড আই. ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**দক্ষিণ-পূর্বাঞ্চল — ওড়িশা** — মেকানিক্যাল ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিক্যাল ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। হিউম্যান রিসোর্স ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। অ্যাকাউন্টস/ফিনান্স ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। টি অ্যান্ড আই. ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। ডাটা এন্ট্রি অপারেটর ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ছত্তিশগড়** — মেকানিক্যাল ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রিক্যাল ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)। টি অ্যান্ড আই. ২টি (জেনাঃ)।

**ঝাড়খন্ড** — **মেকানিক্যাল** ১টি (জেনাঃ)। ইলেক্ট্রিক্যাল ১টি (জেনাঃ)। টি অ্যান্ড আই.১টি (জেনাঃ)।

**উত্তরাঞ্চল** — হরিয়ানা — মেকানিক্যাল ১০টি (জেনাঃ ১, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৫)। ইলেক্ট্রিক্যাল ১০টি (জেনাঃ ১, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৫)। হিউম্যান রিসোর্স ১টি (ই.ডব্লু.এস.)। অ্যাকাউন্টস /ফিনান্স ২টি (ই.ডব্লু.এস.)। ডাটা এন্ট্রি অপারেটর ২টি (ই.ডব্লু.এস.)। টি অ্যান্ড আই ৯টি (জেনাঃ ১, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৫)। ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ২টি (ই.ডব্লু.এস.)।

**পঞ্জাব** — মেকানিক্যাল ৬টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ৪)। ইলেক্ট্রিক্যাল ৬টি (ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ১)। টি অ্যান্ড আই. ৫টি (ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**দিল্লি** — মেকানিক্যাল ৪টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১)। ইলেক্ট্রিক্যাল ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১)। টি অ্যান্ড আই ৪টি (ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১)। হিউম্যান রিসোর্স ২টি (ই.ডব্লু.এস.)। অ্যাকাউন্টস /ফিনান্স ১(ই.ডব্লু.এস.)।

**উত্তর প্রদেশ** — মেকানিক্যাল ৬টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রিক্যাল ৬টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। টি অ্যান্ড আই ৬টি (ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

**উত্তরাখন্ড** — মেকানিক্যাল ১ (ই.ডব্লু.এস.)। ইলেক্ট্রিক্যাল ১(ই.ডব্লু.এস.)।

**তামিলনাড়ু** — মেকানিক্যাল ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রিক্যাল ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। টি অ্যান্ড আই. ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। হিউম্যান রিসোর্স ১ (জেনাঃ)। অ্যাকাউন্টস /ফিনান্স ১টি(জেনাঃ)। ডাটা এন্ট্রি অপারেটর ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**কর্ণাটক** — মেকানিক্যাল ১টি (জেনাঃ), ইলেক্ট্রিক্যাল ১টি (জেনাঃ), টি অ্যান্ড আই ১টি (জেনাঃ)।

**আন্ধ্রাপ্রদেশ** — মেকানিক্যাল ১টি (জেনাঃ), ইলেক্ট্রিক্যাল ১টি (জেনাঃ), টি অ্যান্ড আই ১টি (জেনাঃ)।

## অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ৪,৮০৫

১ পাতার পর

ট্রেডে ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ছেলেরা ‘আই.টি.আই. ক্যাটেগরি’ হিসাবে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৩,২১০টি।

সব ক্ষেত্রে বয়স হতে হবে অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখের হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। আই.টি.আই. থেকে সার্টিফিকেট কোর্স পাশ হলে যত বছরের কোর্স পড়েছেন তত বছর বয়সের ছাড় পাবেন। শারীরিক ও মানসিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কোনোরকম দৈহিক ত্রুটি থাকলে আবেদন করবেন না। ট্রেনিংয়ের মেয়াদ ৩ বছর বা, ট্রেড অনুযায়ী ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। তখন স্টাইপেন্ড পাবেন প্রথম বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম.বেতনের ৭০%।

দ্বিতীয় বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম বেতনের ৮০%। তৃতীয় বছর সংশ্লিষ্ট রাজ্যের অদক্ষ কর্মীর ন্যূনতম বেতনের ৯০%। এই স্টাইপেন্ড নিলে অন্য কোনো স্টাইপেন্ড পাবেন না।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯৫ সালের ডি.এ. আইনানুযায়ী এই ট্রেনিং দেওয়া হবে। তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য কিছু সীট সংরক্ষিত।

ট্রেনিংয়ে সফল হলে চাকরি হতে পারে। তবে চাকরি দেওয়াটা বাধ্যতামূলক নয়। হস্টেল নেই। ট্রেনিং চলার সময় ডাক্তারি খরচ পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে পূর্ব-ভারতে কলকাতায়। ‘নন-আই.টি.আই. বা, ফ্রেশার’ আর আই.টি.আই. প্রার্থীদের বেলায় এক প্রশ্নপত্রে ১৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের পরীক্ষা হবে এইসব বিষয়ে : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) অঙ্ক ও অ্যাপ্টিটিউড /রিজনিং। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। সময় থাকবে ৩ ঘন্টা। নেগেটিভ মার্কিং নেই। কোনো ইন্টারভিউ নেই। ‘আই.টি.আই.’ প্রার্থীদের বেলায় লিখিত পরীক্ষায় থাকবে দু’টি পার্ট। প্রথম পার্টে ৪০% প্রশ্ন হবে ইংরিজি, জেনারেল নলেজ ও অঙ্ক আর অ্যাপ্টিটিউড / রিজনিং বিষয়ে। দ্বিতীয় পার্টে যে ট্রেডে আই.টি.আই. পাশ করেছেন, সেই ট্রেড থেকে ৬০% প্রশ্ন হবে। কোনো ইন্টারভিউ নেই। সব ক্ষেত্রে সময় থাকবে ৩ ঘন্টা। প্রশ্ন হবে ১৫০টি। দুই ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের, ও.এম.আর. শীটে। সব ক্ষেত্রে প্রশ্ন হবে বাংলা, ইংরিজি, হিন্দি বা, ওড়িয়ায়।

সফল হলে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষা নেবে অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড। লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ওপর ভিত্তি করে মেধা তালিকা তৈরি হবে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হবে। নন-আই.টি.আই. প্রার্থীদের ক্ষেত্রে বয়সের সিনিয়রিটি দেখা হবে আর আই.টি.আই. প্রার্থীদের বেলায় দ্বিতীয় পার্টে পাওয়া উচ্চ নম্বর ও বয়সের সিনিয়রিটি দেখা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ডিসেম্বর মাসে, এই ওয়েবসাইটে : www.ofb.gov.in কবে থেকে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে তা এখনো ঠিক হয়নি। খুব শিগগিরই তা ওয়েবসাইটে জানতে পারবেন। প্রার্থীদের আগাম তৈরি থাকার জন্য এই খবর দেওয়া হল। দরখাস্ত নেওয়া শুরু হলে তখন আরো বিস্তারিত তথ্য দেওয়া হবে কিংবা ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

B.Sc. নার্সিং
জয়েন্টের প্রস্তুতি
জেনপা- 2020
প্রধান প্রশিক্ষক :
Dr. R. Sahani (M.D)
2019 জেনপাতে আমাদের যে 17 জন 100 এর মধ্যে Rank করেছে তারা Merit Scholarship পাবে।
Medi Guide
বেলঘরিয়া | বারাসাত | গড়িয়া | কল্যাণী | হাওড়া | বর্ধমান
Admission Call : 7044647798

সরকারি চাকরির
প্রশিক্ষণ ও মক টেস্ট
Tech Section :
Rail, SAIL, DCL, DRDO, TCL, etc.
H. Guide : R. Singh (Ex. IES)
For ITI, Diploma & B.Tech Passouts
Non Tech Section :
Rail (NTPC, Gr. D), CGL, WBCS etc
H. Guide : D. Pandey (Ex. IAS)
CAREER ACADEMY
Admission Call : 9163511524
Tech New Batch Starts : 16.11.2019
Non Tech New Batch Starts : 17.11.2019

Jahan Institute of Nursing Sciences
Marasur (PO) Anekal Main Road, Near Narayana Hrudayalaya, Electronic City, Bangalore
Web : www.jinsnursing.in E-mail : director@jinsnursing.in

ব্যাঙ্গালোরের সেরা নার্সিং কলেজে ভর্তির শেষ সুযোগ। আর মাত্র কিছু সীট বাকি আছে।
Courses –
GNM (General Nursing & Midwifery)
Course Duration : 3 Years. Eligibility : Pass 10+2 in any stream with 40% marks
Loan Available
B.Sc Nursing
Course Duration : 4 Years. Eligibility : Pass 10+2 with Physics, Chemistry and Biology with 45% marks
ভর্তির জন্য বিস্তারিত জানতে যোগাযোগ —
West Bengal Contact : নার্সিং ওয়ার্ল্ড, কল্যাণী, নদিয়া। কল্যাণী মহাবিদ্যালয়ের সামনে।
ফোন : 9836876033, 7596840256
Bangalore Contact : 9343796249
Practical in Own Hospital JAYASHREE MULTI SPECIALITY HOSPITAL (100 BEDED)

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্য সরকারের সেরা সেরা পদে

৩ পাতার পর

(২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-।(ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।। (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রণমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)।(৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং।প্রতিটি বিষয়ে থাকবে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘন্টা।

আবশ্যিক প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু / নেপালী /সাঁওতালি আর দ্বিতীয় পত্র : ইংরিজি বিষয়ের প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। আর বাকি ৪টি আবশ্যিক বিষয়ের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের।

এরপর হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। A ও B গ্রুপের বেলায় ৪০০ নম্বরের ১টি ঐচ্ছিক বিষয়ে ২টি পেপারের পরীক্ষা হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর।

C ও D গ্রুপের বেলায় কোনো ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে না।

এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট। A ও B গ্রুপের বেলায় ২০০ নম্বরের, C গ্রুপের বেলায় ১৫০ নম্বরের আর D গ্রুপের বেলায় ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে।

ঐচ্ছিক বিষয়গুলি হল (ব্র্যাকেটে কোড নং দেওয়া হল) : বাংলা (কোড ০১), হিন্দি (০২), সংস্কৃত (০৩), ইংরিজি (০৪), পালি (০৫), আরবি (০৬), পার্সিয়ান (০৭), ফ্রেঞ্চ (০৮), উর্দু (০৯), সাঁওতালি (১০), কম্পারেটিভ লিটারেচার (১১), অ্যাগ্রিকালচার (১২), পশু পালন ও পশু চিকিৎসা (১৩), নৃতত্ত্ব (১৪), বটানি (১৫), রসায়ন (১৬), সিভিল ইঞ্জিনিয়ারিং (১৭), বাণিজ্য ও হিসাবশাস্ত্র (১৮), কম্পিউটার সায়েন্স (১৯), অর্থনীতি (২০), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (২১), ভূগোল (২২), জিওলজি (২৩), ইতিহাস (২৪), আইন (২৫), অঙ্ক (২৬), ম্যানেজমেন্ট (২৭), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (২৮), মেডিক্যাল সায়েন্স (২৯), দর্শন (৩০), ফিজিওলজি (৩১), পদার্থবিদ্যা (৩২), রাষ্ট্রবিজ্ঞান (৩৩), মনস্তত্ত্ব (৩৪), সমাজবিদ্যা (৩৫), রাশিবিজ্ঞান (৩৬), জুলজি (৩৭)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ৫ নভেম্বর থেকে ২৫ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ২৬ নভেম্বরের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 033-22624181, 033-40035104. এছাড়াও টেকনিক্যাল সাপোর্টের জন্য ফোন করুন এই নম্বরে : 9836219994, 9836289994, 9674107555.

SI. CLASSES-এর WBCS কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

প্রকাশিত হল WBCS 2020-এর বিজ্ঞপ্তি। 2020 সালের জন্য শুরু হচ্ছে Prelims+Mains-এর নিবিড় Mock Test Series এবং WBCS 2021 সালের জন্য শুরু হচ্ছে Integrated Batch (Prelims+Mains)। বিস্তারিত জানতে দেখুন : www.siclasses.com Phone / WhatsApp : 9830345378 / 379.

WBCS-20 : মক টেস্ট

Mock Test Series for WBCS-20 Prelim Exam

Free Test 1st Dec, Sunday Time : 12 pm

Admission Open for WBCS-21 New Batches

ICE Ballygunge Regular & Weekend Batches

WBCS Combined

M: 9804412898

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি এফ ২১৭/ এ/১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪

হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং অটোমোটিভ সার্ভিসিং

কোর্সে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচী

তপশিলী জাতি ও আদিবাসী যুবক ও যুবতীদের কর্মসংস্থান ও স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনামূল্যে অনাবাসিক প্রশিক্ষণ দেওয়া হবে।

**প্রার্থীর বয়স:** ১৮ বছর থেকে ৩৫ বছর, **শিক্ষাগত যোগ্যতা:** অষ্টম শ্রেনী উত্তীর্ণ

**পারিবারিক বার্ষিক আয়:** অনূর্ধ্ব ৩,০০,০০০ টাকা (গ্রামাঞ্চলে) ও অনূর্ধ্ব ৩,০০,০০০টাকা (শহরাঞ্চলে)

| জেলা | প্রশিক্ষন কেন্দ্রের ঠিকানা | বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|---|
| উত্তর ২৪ পরগনা | JIS Foundation-Pally Niketan, Bagu, Rajarhat, PIN-700135 | Hospitality | ৬০ |
| উত্তর ২৪ পরগনা | JIS Foundation-Litchu Tala, Pioneer Park, Barasat, PIN-700124 | Hospitality | ১২০ |
| দক্ষিন ২৪ পরগনা | JIS Foundation-Raynagar, Harinarayanpur, Dakshin Barasat, PIN-743372 | Automotive | ৭০ |

**আবেদনের জন্য যোগাযোগ করুন আগামী ১৬ই নভেম্বর এর মধ্যে**

উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া এবং পশ্চিম বর্ধমান জেলায় বসবাসকারী যুবক ও যুবতীরা ভর্তির জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন।

কর্মসূচী রুপায়নেঃ JIS INSTITUTE OF SKILL DEVELOPMENT

JITM Building I 56 Jessore Road I Kolkata-700 048 Ph: 9330483634 / 9073358830

FREE সেমিনার

ভারতের প্রখ্যাত প্রকাশনা সংস্থা পারুল প্রকাশনী

এবার পা রাখতে চলেছে **সরকারি চাকরির প্রশিক্ষণ** ক্ষেত্রে।

যে সংস্থার নামই উৎকর্ষের প্রতীক, তাদের সরকারি চাকরির ট্রেনিং যে অতি উন্নত মানের, তা আর আলাদা করে বলার অপেক্ষা রাখে না।

শিক্ষাজগতের সঙ্গে যুক্ত বহু বিদগ্ধ ব্যক্তিত্ব এবং **WBCS / IAS** অফিসারদের সহযোগিতায় গড়ে উঠতে চলেছে প্রতিযোগিতামূলক পরীক্ষার এই প্রশিক্ষণ কেন্দ্র। তাই, আপনাদের **সরকারি চাকরির দরকারি ঠিকানা** হোক

PARUL ACADEMY FOR COMPETITIVE EXAMS

পারুল প্রকাশনী-র শাখা আয়োজন করেছে একটি ফ্রি সেমিনার-এর।

১০ নভেম্বর ২০১৯, সকাল ১০টা

পারুল ভবন সভাগৃহ

৮/৩ চিন্তামণি দাস লেন, কলকাতা ৭০০০০৯

ফোন 9062487200 9774414298

সরকারি চাকরি পেতে ............ অপরিহার্য্য

||KAUTILYA|| CIVIL SERVICE ACADEMY

4, 3rd ByeLane Subhas Nagar, DumDum Cantonment, Kolkata - 700065

Mob. No. : 9836336298 / 9836041198 (9 p.m. to 11 p.m.) Everyday

এখানে **WBCS (Exe) & etc., Audit & Accounts Service, Central Staff Selection, School Service, Bank, Rail, Co-operative Service, Kolkata Police, Municipal Service** প্রভৃতি পরীক্ষার জন্য ছাত্রছাত্রীদের উপযুক্ত করে তোলা হয়।

WBCS 2020 এর শেষ ব্যাচে ভর্তি

একমাত্র আমিই বলি ..........

(a) মাত্র ৩ মাস Class করে WBCS-এর Prelims পাওয়া যায়। পাচ্ছে প্রত্যেকেই এখান থেকে প্রতি বছর অর্থাৎ, 2004 থেকে 100% ছাত্র Prelims পাচ্ছে।

(b) সরকারি চাকরির দুনিয়ায় মেধাবী ছাত্র বলে কোনো কথা হয় না। P-Division এর ছাত্রও পরিশ্রম করলে 1st Class ছাত্রের পূর্বে চাকরি পাবে। আর 1st Class গুলো একটু খাটলে একটা কেন এক বছরে অনেকগুলি চাকরি পাবে।

(c) 1st attempt-এ Prelims, Main & Personality Test পার হয়ে চাকরি পাওয়া যায়। পাচ্ছে প্রত্যেক বছর একমাত্র **KAUTILYA** থেকেই।

☛ হ্যাঁ, বন্ধু ... **KAUTILYA** কোনো Coaching Centre নয় — **KAUTILYA** একটা concept এর নাম।

যুগ যুগ ধরে চলছে এবং চলবে

'Never Ending always upgraded.'

☛ এই concept না থাকলে শত পরিশ্রম ও পণ্ড হয়ে যায়।

তাই বলতেই হবে, KAUTILYA + Hard work = Success

আমরাই WBCS পাওয়াব মাত্র ৩ মাসে

9 ও 10 নভেম্বর ভর্তির শেষ সুযোগ Direct Admission কোর্স ফি অর্ধেক!!

নতুন ব্রাঞ্চ বর্ধমান টাউন

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad


# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।**

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। 'অ্যাজোটোব্যাকটর' কী — মাটিতে বসবাসকারী একপ্রকার ব্যাকটিরিয়া।

২। সালোকসংশ্লেষকারী রঞ্জক কোনটি — ক্লোরোফিল।

৩। সালোকসংশ্লেষকারী অঙ্গাণু কোনটি — ক্লোরোপ্লাস্ট।

৪। ক্রোমোজোমের প্রধান উপাদান কী — ডি.এন.এ.।

৫। প্রাণীদের পুষ্টির ৫টি পর্যায় কী কী — খাদ্যগ্রহণ, পরিপাক, শোষণ, আত্তীকরণ ও বহিষ্করণ।

### পদার্থবিদ্যা

৬। হীরককে উজ্জ্বল দেখানোর কারণ কী — আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন।

৭। আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলনের একটি প্রাকৃতিক ঘটনার উদাহরণ দিন — মরীচিকা।

৮। তড়িৎ প্রবাহের একক কী — অ্যাম্পিয়ার।

৯। বিভব পার্থক্যের ব্যবহারিক একক কী — ভোল্ট।

১০। আলোক রশ্মির কতরকমের প্রতিফলন ও কী কী — ২ রকম। নিয়মিত প্রতিফলন ও বিক্ষিপ্ত প্রতিফলন।

### রসায়ন

১১। ক্লোরিন গ্যাসের রং কেমন — সবুজাভ হলুদ।

১২। কালো হীরকের নাম কী — কারবোনাডো।

১৩। খনিজ লবণ কী নামে পরিচিত — সৈন্ধব লবণ।

১৪। ২টি তরল মৌলের উদাহরণ দিন — পারদ ও ব্রোমিন।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৫। 'শিখ জাতির ইতিহাস'-কার রচনা



— ক্যানিংহাম।

১৬। 'তারিখ-ই-আলাই'এর রচয়িতা কে — আমীর খসরু।

১৭। বেদকে কেন্দ্র করে যেসব ধর্মগ্রন্থ রচিত, তাকে কী বলে — সূত্র বা, ধর্মসূত্র।


১৮। সুলতান মামুদ কতবার ভারত আক্রমণ করেছিলেন — ১৭ বার।

১৯। যমুনা খাল ও শতদ্রু খাল কে খনন করিয়েছিলেন — ফিরোজ শাহ তুঘলক।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২০। 'দিল্লি চুক্তি' কত সালে স্বাক্ষরিত হয়েছিল — ১৯৩১ সালে।

২১। ভারতে ইংরিজি শিক্ষা কার আমলে



চালু হয় — লর্ড বেন্টিঙ্ক।

২২। কাকে ব্রিটিশ পার্লামেন্টে ইমপিচ করা হয়েছিল — ওয়ারেন হেস্টিংস।

২৩। গদর পার্টির জন্ম হয় কোথায় — মার্কিন যুক্তরাষ্ট্র।

২৪। 'বঙ্গভঙ্গ'এর বিরুদ্ধে প্রথম বয়কট আন্দোলনের ডাক দেওয়া হয় কোন পত্রিকায় — সঞ্জীবনী।

## ভূগোল

### ভারতের ভূগোল

২৫। রাজস্থানের লবণাক্ত হ্রদকে কী বলে — প্লায়া।

২৫। মালাবার উপকূলের সব উপহ্রদকে কী বলে — কয়াল।

২৬। জনবসতির বিচারে পৃথিবীতে ভারতের স্থান কত — দ্বিতীয়।

২৭। ভারতের কোন রাজ্যে কৃষিজমির সবথেকে বেশি অংশ জলসেচের আওতায় পড়ে — পঞ্জাব।

২৮। বরোদা শহরের নতুন নাম কী — ভাদোদরা।

### আন্তর্জাতিক ভূগোল

২৯। 'মানস সরোবর' হ্রদটি কোথায় আছে —.তিব্বত মালভূমিতে।

৩০। 'বিওয়া' কী — জাপানের এক বিখ্যাত হ্রদ।

৩১। ইয়াং সি-কিয়াং নদীর উৎপত্তিস্থল কী — থানগুলা পর্বতের গেলা ডানডং পর্বতশৃঙ্গ।

৩২। জাপানের প্রবল ঘূর্ণীঝড়ের নাম কী — টাইফুন।

৩৩। জাপানের রাজধানী টোকিও শহর কোন নদীর তীরে অবস্থিত — তোনে।

## রাষ্ট্রনীতি

৩৪। ভারতীয় জনতা পার্টির প্রথম সভাপতি কে ছিলেন — অটল বিহারী বাজপেয়ী।

৩৫। ভারত সরকারের সব ধরণের চুক্তি কার নামে করা হয় — ভারতের রাষ্ট্রপতির নামে।

৩৬। 'ভারতরত্ন', 'পদ্মশ্রী' প্রভৃতি পুরস্কার সংবিধানের কোন অনুচ্ছেদের অন্তর্গত — ৩১।

৩৭। 'পরিকল্পনা কমিশন' কবে গঠিত হয় — ১৯৫০ সালের মার্চ।

৩৮। 'পরিকল্পনা কমিশন'এর প্রথম চেয়ারম্যান কে ছিলেন — জওহরলাল নেহরু।

## অর্থনীতি

৩৯। কোন সংস্থা সম্প্রতি ভিডিও কলিং পরিষেবা 'i-SERV' চালু করেছে — বাজাজ আলিয়েঞ্জ লাইফ।

৪০। সম্প্রতি ৯ লাখ কোটি টাকা বাজার মূল্য হওয়া, ভারতের প্রথম কোম্পানি কোনটি — রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ।

৪১। 'ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন'এর চেয়ারম্যান এখন কে — রজনীশ কুমার।

৪২। সম্প্রতি 'ব্লুমবার্গ'এর তরফ থেকে প্রকাশিত 'ডমিনেট গ্লোবাল গ্রোথ ইন ২০২৪' অনুযায়ী ভারত কত নম্বর স্থানে রয়েছে — দ্বিতীয়।

৪৩। 'ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশন'এর ভাইস চেয়ারম্যান এখন কে — সজ্জন জিন্দাল।

৪৪। কোন ব্যাঙ্ক সম্প্রতি ক্রেডিট কার্ডধারীদের জন্য 'কন্ট্যাক্টলেস মোবাইল পেমেন্ট ফেসিলিটি' চালু করল — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

## সাম্প্রতিক ঘটনা

৪৫। ভারতের কোন জায়গা সম্প্রতি 'ইউনেস্কো হেরিটেজ অ্যাওয়ার্ডস'এ, 'অ্যাওয়ার্ড অফ ডিস্টিংশন' বিভাগে পুরস্কৃত হল — ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট আহমেদাবাদের 'বিক্রম সারাভাই লাইব্রেরি'।

৪৬। কোন বিমান সংস্থা সম্প্রতি বিশ্বের মধ্যে প্রথমবার ট্যাক্সিবট ব্যবহার করে নজির গড়ল — এয়ার ইন্ডিয়া (দিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'এর রানওয়েতে নামে অত্যাধুনিক ট্যাক্সিবট। তা ব্যবহার করে নজির গড়ল এয়ার ইন্ডিয়ার 'এ-৩২০' উড়ান। ভিতরে যাত্রী রয়েছে, এমন কোনো এয়ারক্র্যাফটের সঙ্গে ট্যাক্সিবটের ব্যবহার এই প্রথম)।

৪৭। ২০১৯ সালে 'বিশ্ব ক্ষুধা সূচক'এ ভারতের স্থান কত — ১০২।

৪৮। যৌথ সামরিক মহড়া 'শিনিউ মৈত্রী' সম্প্রতি ভারত ও কোন দেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে — জাপান।


৪৯। কেন্দ্রীয় সরকারের 'কন্ট্রোলার জেনারেল অফ অ্যাকাউন্টস' (CGA) এখন কে — জে.পি.এস. চাওলা।

৫০। 'বিশ্ব ছাত্র দিবস' কবে পালিত হয় — ১৫ অক্টোবর।

৫১। কোন দেশে সম্প্রতি টাইফুন 'হাগিবিস' এসেছে — জাপান।

৫২। ২০১৮-'১৯ সালের জন্য, কে মধ্য প্রদেশ সরকারের 'জাতীয় কিশোর কুমার' সম্মান পেলেন — ভারতীয় চলচ্চিত্র পরিচালক ও প্রযোজক প্রিয়দর্শন।

৫৩। ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট এখন



কে — জোকো উইদোদো।

৫৪। সারা মারিয়া ডানিয়াস (৫৭ বছর), যিনি ২০১৯ সালের ১২ অক্টোবর মারা যান, তিনি কোন দেশের সাহিত্য সমালোচক ছিলেন — সুইডেন।

৫৫। ভারতীয় পোশাকের ব্র্যান্ড 'মান্যবর'এর প্রচারদূত এখন কে — বলিউড অভিনেতা রনবীর সিং।

৫৬। 'বিশ্ব ট্রমা দিবস' কবে পালিত হয় — ১৭ অক্টোবর।

৫৭। 'বিশ্ব পরিসংখ্যান দিবস' কবে পালিত হয় — ২০ অক্টোবর।

৫৮। 'বিশ্ব অস্টিওপরোসিস দিবস' কবে পালিত হয় — ২০ অক্টোবর।

৫৯। সম্প্রতি 'জাতীয় পুলিশ স্মৃতিরক্ষা দিবস' কবে পালিত হল — ২১ অক্টোবর।

৬০। কে সম্প্রতি লাদাখে, 'কর্নেল চেওয়াং রিনচেন সেতু' উদ্বোধন করলেন — কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

৬১। কোন সংস্থা সম্প্রতি ভারতে চলচ্চিত্র বিজ্ঞাপনের প্রচার 'ফিড আওয়ার ফিউচার' চালু করল — 'রাষ্ট্রসংঘ'এর 'ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম' (WFP)।

৬২। ২০১৯ সালে ভারতের কোন শহরে 'এশিয়া হেলথ কনফারেন্স' অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লি।

৬৩। 'ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটেরিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন'এর (IRCTC) 'বুদ্ধ সার্কিট ট্যুরিস্ট ট্রেন'এর যাত্রা শেষ করতে কতদিন সময় লাগবে — ৮ দিন (আই.আর.সি.টি.সি বিশেষ বৌদ্ধ তীর্থযাত্রা শুরু করেছে। আধুনিক সুযোগসুবিধা যুক্ত এই ট্রেনটি ৮ দিনের মধ্যে ২৬টি জায়গায় ভ্রমণ করবে)।

৬৪। 'নাসা'র কোন ২ মহিলা মহাকাশচারী সম্প্রতি, মহাকাশের ইতিহাসে প্রথমবার পুরুষ মহাকাশচারী ছাড়া মহাকাশে পদচারণা করে নজির গড়লেন — ক্রিস্টিনা কোখ ও জেসিকা মেয়ার।

৬৫। কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সম্প্রতি কোন স্কুলে, ২০২১-'২২ অধিবেশন থেকে মেয়েদের ভরতির প্রস্তাব অনুমোদন করেছেন — সৈনিক স্কুল।

৬৬। ভারতের কোন রাজ্য সরকারের সংস্কৃতি বিভাগ বিশ্বখ্যাত 'খন রামলীলা'র জন্য দেশের প্রথম প্রশিক্ষণ ও প্রদর্শন কর্মসূচি আয়োজন করতে চলেছে — উত্তর প্রদেশ।

৬৭। ২০২২ সালে কোন দেশ ৯১তম 'ইন্টারপোল জেনারেল অ্যাসেম্বলি'র আয়োজন করবে — ভারত।

৬৮। 'ন্যাশনাল সিকিউরিটি গার্ড'এর (NSG) ডিরেক্টর জেনারেল এখন কে — অনুপ কুমার সিং।

৬৯। 'ওরাকল কর্পোরেশন'এর কো-সিইও, যিনি ২০১৯ সালের ১৮ অক্টোবর মারা গেলেন, তাঁর নাম কী — মার্ক ভিনসেন্ট হার্ড (৬২ বছর)।

৭০। ভারতের প্রথম দৃষ্টিহীন মহিলা আই.এ.এস অফিসার কে — প্রাঞ্জল পাতিল (কেরালার তিরুবনন্তপুরম জেলার সাব কালেক্টর পদে দায়িত্ব নিয়েছেন তিনি)।

৭১। ভুয়ো খবরের সন্ধানের জন্য, সম্প্রতি ভারতের কোন রাজ্যের পুলিশ এআই ফার্ম 'লজিক্যালি'র সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে — মহারাষ্ট্র।

৭২। 'Mind Master : Winning Lessons from a Champion's Life' বইটির লেখক কে — ভারতীয় দাবা খেলোয়াড় বিশ্বনাথন আনন্দ।

৭৩। ২০১৯ সালে কে 'প্রবীণ নাগরিক পুরস্কার' পেলেন — প্রখ্যাত ভারতীয় আইনজীবী কে. পরাশরণ।

৭৪। 'Bridgital Nation : Solving Technology's People Problem' বইটি কে প্রকাশ করেছেন — ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী (বইটি লিখেছেন এন. চন্দ্রশেখরন ও রূপা পুরুষোত্তম)।

৭৫। ২০১৯ সালে কোন দেশে 'ইন্ডিয়া-এশিয়ান বিজনেস সামিট' অনুষ্ঠিত হয়েছে — ফিলিপিন্স।

৭৬। যদুনাথ সরকার ও রোমিলা থাপারের পর, তৃতীয় ভারতীয় ঐতিহাসিক হিসাবে কে সম্প্রতি বিখ্যাত



'আমেরিকান হিস্টোরিক্যাল অ্যাসোসিয়েশন'এর সাম্মানিক সদস্যপদের পুরস্কার পেলেন — রামচন্দ্র গুহ।

৭৭। ভারতে 'জাতীয় সংহতি দিবস' কবে পালিত হয় — ২০ অক্টোবর।

৭৮। সম্প্রতি কোন দেশ ২০২০ সাল থেকে ডিজিটাল কোম্পানির ওপর 'ওয়েব ট্যাক্স' লাগানোর কথা ঘোষণা করল — ইতালি।

৭৯। ওড়িশার প্রথম 'রোবট রেস্তরাঁ' কোন শহরে চালু হয়েছে — ভুবনেশ্বর (এই রেস্তরাঁয় 'চম্পা' ও 'চামেলি' নামে ২টি রোবট গ্রাহকদের পরিষেবা দেবে)।

৮০। 'আন্তর্জাতিক তোতলামি সচেতনতা দিবস' কবে পালিত হয় — ২২ অক্টোবর।

৮১। কোন দেশ সম্প্রতি 'স্মার্ট ড্রাগন ফ্যামিলি' নামে কমার্শিয়াল ক্যারিয়ার রকেট চালু করল — চিন।

৮২। 'সেন্ট্রাল পলিউশন কন্ট্রোল বোর্ড'এর (CPCB) তরফ থেকে প্রকাশিত সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী, ভারতের সবথেকে দূষিত শহর কোনটি — উত্তর প্রদেশের শহর গাজিয়াবাদ।

৮৩। ভারতের কোন স্থানকে সম্প্রতি পর্যটনের জন্য খুলে দেওয়ার কথা ঘোষণা করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং — সিয়াচেন হিমবাহ (এবার থেকে সিয়াচেন বেস ক্যাম্প থেকে কুমার পোস্ট পর্যন্ত গোটা এলাকা ঘুরে দেখতে পারবেন পর্যটকরা)।

## খেলাধূলা

৮৪। ৩০ বছর বয়সে, ভারত বনাম দক্ষিণ আফ্রিকা সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচে কোন খেলোয়াড়ের অভিষেক হয়েছে — শাহবাজ নাদিম।

৮৫। ২০১৯ সালে 'ক্রেমলিন কাপ টেনিস প্রতিযোগিতা'য় মহিলাদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন —



সুইৎজারল্যান্ডের বেলিন্দা বেনচিচ (রাশিয়ার আনাস্তাসিয়া পাভলুচেঙ্কোভাকে ৩-৬, ৬-১ ও ৬-১ ব্যবধানে হারিয়ে)।

৮৬। ২০১৯ সালে 'সুলতান জোহর কাপ (অনূর্ধ্ব-২১)'এ কোন দল চ্যাম্পিয়ন হল — গ্রেট ব্রিটেন (ভারতকে ২-১ গোলে হারিয়ে)।

৮৭। ২০১৯ সালে 'ক্রেমলিন কাপ টেনিস প্রতিযোগিতা'য় পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রাশিয়ার অ্যান্দ্রে রুবলেভ (ফ্রান্সের আদ্রিয়ান মান্নারিনোকে ৬-৪ ও ৬-০ ব্যবধানে হারিয়ে)।

৮৮। ২০১৯ সালে 'অ্যান্টওয়ার্প টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ব্রিটেনের স্যার অ্যান্ডু ব্যারন মারে (সুইৎজারল্যান্ডের টেনিস তারকা স্ট্যানিসলাস ওয়ারিঙ্কাকে ৩-৬, ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৮৯। ২০১৯ সালে 'দিল্লি হাফ ম্যারাথন'এ কে চ্যাম্পিয়ন হলেন — ইথিওপিয়ার আন্দামলাক বেলিহু।

৯০। ২০১৯ সালে 'প্রো কবাডি লিগ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — বেঙ্গল ওয়ারিয়র্স (দাবাং দিল্লিকে ৩৯-৩৪ ব্যবধানে হারিয়ে)।

৯১। কে সম্প্রতি ভারতের ৬৫তম গ্র্যান্ডমাস্টার হলেন — রাউনক সাধবানি।

৯২। 'ফিফা'র সাম্প্রতিক র‍্যাঙ্কিংয়ে ভারতের স্থান কত — ১০৬ (শীর্ষস্থানে আছে বেলজিয়াম)।

৯৩। ২০১৯ সালে 'বিজয় হাজারে ট্রফি'তে কোন দল চ্যাম্পিয়ন হল — কর্ণাটক (তামিলনাড়ুকে ৬০ রানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

গত সপ্তাহের পর

**২৫ অক্টোবর :** জম্মু-কাশ্মীরের প্রথম উপ-রাজ্যপাল হলেন গিরিশচন্দ্র মুর্মু।

☐ কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখের প্রথম উপ-রাজ্যপাল হলেন রাধাকৃষ্ণ মাথুর।

☐ গোয়ার রাজ্যপাল হলেন সত্যপাল মালিক।

☐ ইরাকে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হলেন বীরেন্দর সিং যাদব।

☐ কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রকের সচিব হলেন প্রমোদ কুমার দাস।

☐ মিথ্যা মামলায় ফাঁসিয়ে কয়েদ করে রাখা চিনের উইঘুর মুসলিম অধ্যাপক ড. ইলহাম তোহতি'কে মানবাধিকার পুরস্কার দিল 'ইউরোপীয় ইউনিয়ন'।



বিখ্যাত ক্রীড়া পত্রিকা 'উইসডেন ইন্ডিয়া'র 'বছরের সেরা ক্রিকেটার'এর সম্মান পেলেন জসপ্রীত বুমরাহ ও জাতীয় মহিলাদের দলের ব্যাটসম্যান স্মৃতি মান্ধানা।

☐ প্রতিটি পরিবারের কন্যা সন্তানের জন্য 'মুখ্যমন্ত্রী কন্যা সুমঙ্গলা যোজনা' চালু করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। এই যোজনায় কন্যা সন্তানের শিক্ষা, স্বাস্থ্য ও আর্থিক নিরাপত্তার জন্য ১৫,০০০ টাকা দেওয়া হবে।

☐ তামিলনাড়ুকে ৬০ রানে হারিয়ে, 'বিজয় হাজারে ট্রফি'তে চ্যাম্পিয়ন হল কর্ণাটক।

**২৬ অক্টোবর :** মিজোরামের রাজ্যপাল হলেন পি.এস. শ্রীধরন পিল্লাই।

☐ রাজ্যের জন্য নতুন আপৎকালীন নম্বর '১১২' চালু করল উত্তর প্রদেশ সরকার। এবার থেকে এই নম্বরে ডায়াল করলে একইসঙ্গে পুলিশ, দমকল ও অ্যাম্বুলেন্স-সহ একাধিক পরিষেবা পাওয়া যাবে।

☐ ২৪ ঘন্টা বিশুদ্ধ পানীয় জলের জন্য, 'ইউনিসেফ'এর সঙ্গে চুক্তি স্বাক্ষর করল ওড়িশা সরকার। এই প্রকল্পটির নাম দেওয়া হয়েছে 'ড্রিঙ্ক ফ্রম ট্যাপ মিশন'।

☐ 'দীপোৎসব' বা, 'দ্য ফেস্টিভ্যাল অফ ল্যাম্পস' উপলক্ষ্যে, সরযুর তীরে সাড়ে ৫ লাখ প্রদীপ জ্বালিয়ে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস'এ নাম তুলল উত্তর প্রদেশের অযোধ্যা শহর। এজন্য খরচ হয়েছে ১৩৩ কোটি টাকা।

☐ বিশ্বের সবথেকে বড় বিদ্যালয় হিসাবে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'এ নাম তুলল লখনৌর 'সিটি মন্তেস্বরী স্কুল' (CMS)। এই বিদ্যালয়ের শিক্ষার্থী সংখ্যা ৫৫,৫৪৭ জন।


☐ আন্তঃরেলওয়ে বাস্কেটবল প্রতিযোগিতায় সোনার পদক পেল ইস্টার্ন রেলের মহিলা দল।

**২৭ অক্টোবর :** গণবিক্ষোভের মুখে মন্ত্রিসভা ভেঙে দিলেন চিলির প্রেসিডেন্ট সেবাস্তিয়ান পিনেরা। বেশ কিছুদিন ধরে সমাজ সংস্কারের দাবি জানিয়ে বিক্ষোভ দেখাতে রাস্তায় নামে চিলির জনগণ। তারা নতুন করে সরকার গঠনের দাবি জানান। সেইমতো বিক্ষোভকারীদের দাবি মেনে কার্যত মন্ত্রিসভা ভেঙে দেন তিনি।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

বেলজিয়ামের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হতে চলেছেন সোফি উইলমেস।



☐ অস্ট্রেলিয়ার অ্যালেক্স ডি মিনাউরকে ৬-২ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, 'সুইস ইন্ডোরস টেনিস টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রজার ফেডেরার। এই নিয়ে এই টুর্নামেন্টে ১০ বার চ্যাম্পিয়ন হলেন ফেডেরার। একইসঙ্গে জিতলেন কেরিয়ারের ১০৩তম এটিপি খেতাব।

☐ আর্জেন্তিনার দিয়েগো সেবাস্তিয়ান সোয়ার্ৎজম্যানকে ৩-৬, ৬-৪ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে, 'ভিয়েনা ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন অস্ট্রিয়ার ডমিনিক থিয়েম।

☐ নেদারল্যান্ডের কিকি বার্টেন্সকে ৬-৪ ও ৬-২ ব্যবধানে হারিয়ে, 'ডব্লিউটিএ এলিট ট্রফি'তে সিঙ্গলস খেতাব জিতলেন বেলারুশের অ্যারিনা সাবালেঙ্কা।

**২৮ অক্টোবর :** দক্ষিণ আমেরিকার দেশ আর্জেন্তিনায় প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হলেন আলবের্তো অ্যাঞ্জেল ফার্নান্ডেজ।

☐ 'মেক্সিকো গ্রাঁ প্রি'তে চ্যাম্পিয়ন হলেন মার্সিডিজের লুইস কার্ল ডেভিডসন হ্যামিল্টন।

☐ 'আইটিটিএফ ক্যাডেট চ্যালেঞ্জ টেবল টেনিস'এ সোনার পদক পেলেন ভারতের পায়াস জৈন।

☐ টোকিওয়, 'জোজো চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হলেন কিংবদন্তি মার্কিন গলফার টাইগার উডস।

**২৯ অক্টোবর :** হরিয়ানার মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন মনোহর লাল খট্টর।

ভারতের ৪৭তম প্রধান বিচারপতি হতে চলেছেন শারদ অরবিন্দ বোবড়ে।



☐ মাত্র ১৮৯ দিনে বিশ্বের ১৪টি ৮,০০০ মিটারের বেশি উচ্চতাসম্পন্ন শৃঙ্গ জয় করে বিশ্বনজির গড়লেন নেপালের নির্মল পূরজা (৩৬ বছর)।

গড়াপেটার প্রস্তাব পেয়েও গোপন করায়, বাংলাদেশের ক্রিকেট অধিনায়ক সাকিব আল হাসানকে ২ বছরের জন্য নিষিদ্ধ ঘোষণা করল 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'।



☐ শ্রীলঙ্কাকে হারিয়ে, মেয়েদের এমার্জিং এশিয়া কাপে চ্যাম্পিয়ন হল ভারতের অনূর্ধ্ব-২৩ মহিলা ক্রিকেট দল।

☐ ইন্দোনেশিয়ায়, 'আন্তর্জাতিক ক্যারাটে চ্যাম্পিয়নশিপ'এ ভারতের হয়ে সোনার পদক পেলেন কলকাতার বাপ্পা সর্দার।


☐ 'ইন্টারন্যাশনাল কোর্স অফ অ্যাথলেটিক্স' কোচিং করে নজির গড়লেন সোমা বিশ্বাস। দক্ষিণ কোরিয়াতে ১২ দিনের কোচিং কোর্স ছিল এটি। 'আন্তর্জাতিক অ্যাথলেটিক্স ফেডারেশন'এর অনুমোদিত এই কোর্স করার সুবাদে সোমা এখন থেকে 'অ্যাথলেটিক্স টিচার' হিসাবে স্বীকৃতি আদায় করলেন।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।



# ইডেনে গোলাপি আভা

'ভারতীয় ক্রিকেট বোর্ড'এর (BCCI) প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নিয়েই ছক্কা হাঁকালেন সৌরভ গঙ্গোপাধ্যায়। তাঁর প্রশাসক জমানার শুরুতেই, দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে ভারতের মাটিতে প্রথম দিনরাতের টেস্ট হতে চলেছে। বহু ইতিহাসের সাক্ষী 'ইডেন গার্ডেন্স' আবারও এক ইতিহাসের অপেক্ষায়।

- ভারত তাদের প্রথম দিনরাতের টেস্ট ম্যাচ খেলবে বাংলাদেশের বিরুদ্ধে ইডেনে ২২ নভেম্বর থেকে ২৬ নভেম্বর।
- এই টেস্টটি খেলা হবে-গোলাপি বলে।
- বোর্ডের মসনদে বসেই গোলাপি বলে দিনরাতের টেস্ট খেলার বিষয়ে বিরাট কোহলিকে রাজি করিয়েছিলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। এবার বি.সি.সি'র তরফ থেকেও সম্মতি পেয়ে গেলেন।
- ২৩ অক্টোবর সরকারিভাবে বোর্ড প্রেসিডেন্ট হওয়ার পরের দিন অধিনায়ক কোহলির সঙ্গে বৈঠকে বসেন সৌরভ। সেখানেই তাঁকে রাজি করান সৌরভ।
- এরপর 'বাংলাদেশ ক্রিকেট বোর্ড'এর কাছে সরকারিভাবে প্রস্তাব যায়।
- এক্ষেত্রেও 'বাংলাদেশ ক্রিকেট বোর্ড'কে রাজি করানোর ক্ষেত্রে বড় ভূমিকা ছিল দাদারই।
- ভারতের বিরুদ্ধে ২ টেস্টের সিরিজের শেষ ম্যাচটি অনুষ্ঠিত হবে ইডেনে। আর তা হতে চলেছে ভারতের মাটিতে হতে চলা প্রথম কোনো দিনরাতের টেস্ট।
- ভারত ও বাংলাদেশ ২ দলের কাছেই এটা প্রথম দিনরাতের টেস্ট হতে চলেছে।
- গোলাপি বলের এই টেস্ট ম্যাচে ২ দেশের প্রধানমন্ত্রীর উপস্থিত থাকার কথা।
- এছাড়া সৌরভ গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, ইডেনে দিনরাতের টেস্ট উপলক্ষ্যে ভারতের প্রোথিতযশা অলিম্পিয়ানদের, যেমন — শ্যুটার অভিনব বিন্দ্রা, বক্সার মেরি কম ও ব্যাডমিন্টন খেলোয়াড় পুসারলা ভেঙ্কটা সিন্ধুকে ইডেনে ম্যাচ চলার সময় তাঁদের ভারতের অলিম্পিক আন্দোলনের অবদানের জন্য সম্বর্ধিত করা হবে।
- ২২ নভেম্বর ইডেনে ভারত-বাংলাদেশ দিনরাতের টেস্ট ম্যাচের জন্য 'এসজি'কে ৭২টি গোলাপি বলের বরাত দিয়েছে 'ভারতীয় ক্রিকেট বোর্ড'।
- 'সি.এ.বি' সচিব অভিষেক ডালমিয়া জানিয়েছেন, টেস্ট শুরু হবে বেলা ১টায়। শেষ রাত ৮টার মধ্যে। যাতে শিশির ও কুয়াশা থেকে ম্যাচ বাঁচানো যায়।
- সোনার কয়েনে টস হবে।
- রুনা লায়লা, উষা উত্থুপরা সঙ্গীত পরিবেশন করতে পারেন।



### এখনও পর্যন্ত যেক'টি দিনরাতের টেস্ট হয়েছে

- এখনও পর্যন্ত মোট দিনরাতের টেস্টের সংখ্যা ১১। প্রথম ম্যাচ এডিলেডে ২০১৫ সালের ২৭ নভেম্বর থেকে ২৯ নভেম্বর। অস্ট্রেলিয়া ৩ উইকেটে হারায় নিউজিল্যান্ডকে।

কোন দল ক'টি ম্যাচ খেলেছে — অস্ট্রেলিয়া (৫), পাক-ই-স্তান, শ্রীলঙ্কা, ওয়েস্ট ইন্ডিজ, ইংল্যান্ড (৩), নিউজিল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা (২), জিম্বাবোয়ে (১), ভারত, বাংলাদেশ, আয়ারল্যান্ড ও আফগান-ই-স্তান (০)।

কোন দেশে ক'টি ম্যাচ হয়েছে — অস্ট্রেলিয়া (৫), সংযুক্ত আরব আমিরশাহি (২), ওয়েস্ট ইন্ডিজ, নিউজিল্যান্ড, দক্ষিণ আফ্রিকা ও ইংল্যান্ড (১)।

### ইডেনে ভারত-বাংলাদেশ টেস্ট ম্যাচের টিকিট

- 'সি.এ.বি'র সচিব অভিষেক ডালমিয়া জানিয়েছেন, দর্শক টানতে বাংলাদেশের বিরুদ্ধে ভারতের প্রথম দিনরাতের টেস্টের টিকিট পাওয়া যাবে মাত্র ৫০ টাকা থেকে।
- ৬৮,০০০ আসনবিশিষ্ট স্টেডিয়াম পুরো ভরাতে, প্রতিদিনের টিকিট পাওয়া যাবে মাত্র ৫০, ১০০ ও ১৫০ টাকায়।
- টিকিটের রং গোলাপি করা হতে পারে।
- ছাত্রছাত্রীদের জন্য বিশেষ টিকিটের ব্যবস্থা করা হয়েছে।

### ভারতীয় দলের যে ক্রিকেটাররা গোলাপি বলে খেলেছেন

- ময়াঙ্ক অনুরাগ আগরওয়াল : ২০১৬-'১৭ মরসুমে 'দলীপ ট্রফি'তে গোলাপি বলে টুর্নামেন্টের দ্বিতীয় সর্বোচ্চ রান ছিল তাঁর। ৩ ম্যাচে ৪২০।
- চেতেশ্বর অরবিন্দ পূজারা : 'দলীপ ট্রফি'তে পূজারার রানই ছিল সর্বোচ্চ। পুরো টুর্নামেন্টে ৪৫৩ রান।
- রোহিত গুরুনাথ শর্মা : 'দলীপ ট্রফি'তে ফাইনাল খেলেছিলেন। ২ ইনিংসে রান ৩০ ও অপরাজিত ৩২।
- কুলদীপ যাদব : 'দলীপ ট্রফি'তে গোলাপি বলে ৩ ম্যাচে ১৭ উইকেট নিয়েছিলেন।
- রবীন্দ্র জাদেজা : 'দলীপ ট্রফি'তে খেলেছিলেন শুধু ফাইনাল।
- মহম্মদ শামি আহমেদ : ২০১৬ সালে মোহনবাগানের হয়ে, ভবানীপুরের বিরুদ্ধে সি.এ.বি সুপার লিগ ফাইনালে ২ ইনিংসে ৭ উইকেট নিয়েছিলেন।
- ঋদ্ধিমান সাহা : ইনিও সুপার লিগে খেলেছিলেন।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

## পাব্লিক সার্ভিসের

■ *ডব্লু.বি.সি.এস. 'মেন'এর প্রশ্নের ধরণ, নম্বর বিভাজন ও সিলেবাস জানাবেন। — বিক্রম সর্দার, গড়চা, নাকাশিপাড়া, নদিয়া।*

■■ ডব্লু.বি.সি.এস. প্রিলি পরীক্ষায় সফল হলে 'মেন'এ ১,২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ-।। (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রণমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘন্টা।

আবশ্যিক প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতাড় আর দ্বিতীয় পত্র : ইংরিজি বিষয়ের প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। আর বাকি ৪টি আবশ্যিক বিষয়ের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের।

এরপর হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। A ও B গ্রুপের বেলায় ৪০০ নম্বরের ১টি ঐচ্ছিক বিষয়ে ২টি পেপারের পরীক্ষা হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর। C ও D গ্রুপের বেলায় কোনো ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে না। এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট। A ও B গ্রুপের বেলায় ২০০ নম্বরের, C গ্রুপের বেলায় ১৫০ নম্বরের আর D গ্রুপের বেলায় ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে। মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস এই স্বল্প জায়গায় দেওয়া সম্ভব নয়। তাই বিস্তারিত পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কোস্ট গার্ডে নাবিক ডোমেস্টিক (কুক ও স্টুয়ার্ড) | মাধ্যমিক | - | ৮-১১-১৯ | www.joinindiancoastguard.gov.in |
| ম্যাঙ্গালোর রিফাইনারিতে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা পাশ | ২১১ | ৯-১১-১৯ | www.mrpl.co.in |
| কেন্দ্রীয় সংস্থায় অ্যাপ্রেন্টিস | আই.টি.আই., ডিপ্লোমা | - | ৯-১১-১৯ | www.apprenticeship.gov.in |
| কোল ফিল্ডে জুনিয়র ওভারম্যান. | ডিপ্লোমা পাশ | ৭৫ | ১০-১১-১৯ | www.centralcoalfields.in |
| বিমানবাহিনীতে সরাসরি র‍্যালির মাধ্যমে শিক্ষক | ডিগ্রি ও মাস্টার ডিগ্রি | - | র‍্যালি হবে ১২-১১-১৯ | www.airmenselection.cdac.in |
| দিল্লি পুলিশে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৫৫৪ | ১৩-১১-১৯ | http://delhipolice.nic.in |
| আর্মিতে টেকনিক্যাল এন্ট্রি স্কিমে অফিসার | উচ্চমাধ্যমিক পাশ | - | ১৩-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| ভদ্রেশ্বর পুরসভায় মজদুর, হেল্পার, ড্রাইভার | এইট, মাধ্যমিক | ৩৬ | ১৪-১১-১৯ | www.bhadeswarmunicipality.com |
| আর্মিতে টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে অফিসার | ইঞ্জিনিয়ারিং -এর ডিগ্রি | | ১৪-১১-১৯ | www.joinindianarmy.nic.in |
| ঝাড়গ্রাম জেলা পরিষদে ক্লার্ক, স্টেনো, গ্রুপ-ডি | মাধ্যমিক ও গ্র্যাজুয়েট | ২৬ | ১৫-১১-১৯ | https://jhargram.gov.in |
| ভিলাই স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান, ড্রাইভার | আই.টি.আই., ডিপ্লোমা | ২৯৬ | ১৫-১১-১৯ | www.sail.co.in |
| পুরুলিয়া পুরসভায় মজদুর | এইট পাশ | ২৫ | ১৯-১১-১৯ | www.puruliamunicipality.org |
| ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা পাশ | ১১৬ | ২০-১১-১৯ | www.hmrdnats.gov.in |
| এইমসে নার্স | নার্সিংয়ের বি.এসসি. | ৭৮ | ২০-১১-১৯ | www.pgimer.edu.in |
| ই.এস.আই. হাসপাতালে ফার্মাসিস্ট গ্রেড-।।। | ফার্মাসির ডিগ্রি বা, ডিপ্লোমা | ২০০ | ২১-১১-১৯ | www.pscwbonline.gov.in |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে মাল্টি স্কিল্ড ওয়ার্কার | মাধ্যমিক ও আই.টি.আই. | ৫০৪ | ২৫-১১-১৯ | www.bro.gov.in |
| কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার অ্যাসিস্ট্যান্ট, অডিটর ইন্সপেক্টর | গ্র্যাজুয়েট | - | ২৫-১১-১৯ | www.ssc.nic.in |
| ইন্ডিয়ান অয়েলের ওয়েস্টার্ন রিজিয়নে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই, ডিপ্লোমা, ডিগ্রি | ১৩১ | ২৬-১১-১৯ | www.iocl.com |
| নৌবাহিনীতে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. পাশ | ১৪৫ | ১-১২-১৯ | www.apprenticeship.gov.in |

## স্কুল সার্ভিসের

■ *ডিগ্রি কোর্সে অনার্সে ৪৬% নম্বর আছে। পাস ও অনার্স মিলিয়ে ৫০% নম্বর আছে। বি.এড. পাশ করা আছে। ও.বি.সি. প্রার্থী। স্কুল সার্ভিসের নবম ও দশম শ্রেণির জন্য দরখাস্ত করতে পারব কি? — আশিফ ইকবাল, ইসলামপুর, বহরমপুর, মুর্শিদাবাদ। সিদরাতুন সাহামিনা, ইসলামপুর, মুর্শিদাবাদ।*

■■ নবম ও দশম শ্রেণির বেলায় — যেকোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য যোগ্য। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের বেলায় অর্থাৎ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য। অন্যদিকে, যাঁদের অনার্সে ৫০% নম্বর নেই, কিন্তু পাস ও অনার্স মিলিয়ে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য।

## কোর্স ও ট্রেনিং

■ *মাধ্যমিকে মোট ৩৪০ নম্বর আছে। অঙ্কে ২৮ নম্বর পেয়েছি। পলিটেকনিকে ভরতির জেক্সপো পরীক্ষা দিতে পারব কি? — আক্তার আনসারি, মাকড়কা, পাণিপাথর, কেন্দা, পুরুলিয়া।*

■■ হ্যাঁ, পারবেন। অঙ্ক, ভৌতবিজ্ঞান ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৩৫% (অতিরিক্ত বিষয়ের নম্বর ছাড়া) নম্বর পেয়ে থাকলে জয়েন্ট এন্ট্রান্স (JEXPO) পরীক্ষা দেওয়ার জন্য এখনই আবেদন করতে পারেন।

■ *কলকাতায় কোথায় স্টেনোগ্রাফি কোর্স পড়ানো হয়? — অভিষেখ মজুমদার, নবব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ আপনার এলাকার কাছাকাছি কোনো কমার্শিয়াল ট্রেনিং সেন্টার বা, টাইপিং স্কুলগুলিতে খোঁজ করুন।

■ *৪৬% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশ করেছি। মাস্টার ডিগ্রি কোর্সে ৪৯% নম্বর আছে। পশ্চিমবঙ্গ থেকে বি.এড. কোর্স করার সুযোগ পাব কি? — অনুপম ঘোষ, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গের কলেজগুলিতে বি.এড. কোর্সে ভরতির জন্য ডিগ্রি বা, মাস্টার ডিগ্রি কোর্সে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। তবে তপশিলী জাতি ও তপশিলী উপজাতি প্রার্থীরা নম্বরে ৫% ছাড় পাবেন। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা পশ্চিমবঙ্গে বি.এড. পড়ার জন্য নম্বরে কোনো ছাড় পায় না। তবে এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী সারা ভারতের সব কলেজগুলিতে ও.বি.সি.'রা বি.এড. কোর্স পড়ার জন্য নম্বরে ৫% ছাড় পেলেও পশ্চিমবঙ্গে এই ছাড় পাওয়া যায় না। তবে পশ্চিমবঙ্গের বাইরের রাজ্য থেকে বি.এড. করার সুযোগ পাবেন ও সেই সার্টিফিকেট স্কুল সার্ভিস-সহ সব পরীক্ষার ক্ষেত্রেই গ্রহণযোগ্য।

## নেট / সেট'এর

■ *কমার্স শাখার গ্র্যাজুয়েট। তারপর মিউজিকে মাস্টার ডিগ্রি করেছি ৬৩% নম্বর নিয়ে। কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা দিতে পারব কি? — অভিজিৎ রায়, চুঁচুড়া, হুগলি।*

■■ না, পারবেন না। সংশ্লিষ্ট বিষয়ে অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে 'সেট' পরীক্ষার জন্য যোগ্য। তবে 'ম্যাথমেটিক্যাল সায়েন্স' বিষয়ের বেলায় 'পিওর', 'অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স' বা, 'স্ট্যাটিস্টিক্স' বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। 'লাইফ সায়েন্স' বিষয়ের বেলায় বটানি, জুলজি, মাইক্রোবায়োলজি, মলিকিউলার বায়োলজি, অ্যানিম্যাল সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, বায়োকেমিস্ট্রি, বায়োটেকনোলজি বা, ফিজিওলজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। 'লাইব্রেরি সায়েন্স' বিষয়ের বেলায় এম.লিব. বা, এম.লিস পাশ হলেও যোগ্য। 'ফিজিক্যাল এডুকেশন' বিষয়ের বেলায় (এম.পি.এড.) কোর্স পাশ হতে হবে। মিউজিক বিষয়ের বেলায় ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্সে মিউজিক্স বিষয় নিয়ে পাশ হতে হবে।

## উচ্চ প্রাথমিকে দুই বিষয়ে শিক্ষক নিয়োগ স্থগিতাদেশ উঠল

উচ্চপ্রাথমিক বিদ্যালয়ে কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ক শিক্ষক নিয়োগে বাধা কাটল। শিক্ষক নিয়োগের ওপর অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ প্রত্যাহার করে নিল কলকাতা হাই কোর্ট। বিচারপতি মৌসুমী ভট্টাচার্য শুক্রবার ওই দুই বিষয়ের শিক্ষক নিয়োগের ওপর থেকে অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ প্রত্যাহার করে নেন। তবে নিয়োগপত্র দেওয়ার আগে আগামী ১৮ নভেম্বরের মধ্যে স্কুল সার্ভিস কমিশনকে বিশদে সফল প্রার্থীদের সব তথ্য-সহ ইন্টারভিউ তালিকা প্রকাশ করার আদেশ দিয়েছে হাই কোর্ট। ইন্টারভিউ তালিকা নিয়ে কোনো সংশয় থাকলে সংশ্লিষ্ট প্রার্থী তা কমিশনকে জানাতে পারবেন বলে জানিয়েছেন বিচারপতি। আগামী ১৩ ডিসেম্বরের পর সফল প্রার্থীদের নিয়োগপত্র দিতে পারবে কমিশন।

রাজ্যের উচ্চপ্রাথমিক বিদ্যালয়গুলিতে কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ে শিক্ষক নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশনের তরফে ২০১৬ সালে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। পরের বছর জুন মাসে লিখিত পরীক্ষা নেয় কমিশন। গত বছর ১৬৯৩ জন সফল প্রার্থীর তালিকা প্রকাশিত হয়। ৮৯০ জন আগেই চাকরি পেয়ে যান। গত ৩০ জানুয়ারি তালিকার বাকি ৮০৩ জনের নিয়োগপত্র পাওয়ার কথা ছিল। কিন্তু ওয়েটিং লিস্টে নাম থাকা শর্মিলা মণ্ডল-সহ কয়েকজন প্রার্থী তালিকায় অনিয়মের অভিযোগ তুলে হাই কোর্টের বিচারপতি শেখর ববি শরাফের এজলাসে মামলা দায়ের করেন। মামলাকারী প্রার্থীদের আইনজীবী দিব্যেন্দু চট্টোপাধ্যায় প্রশ্ন তোলেন, 'বিশদে সব তথ্য-সহ সফল প্রার্থীদের ইন্টারভিউ তালিকা প্রকাশ না করে কমিশন কীভাবে চাকরি প্রার্থীদের নিয়োগপত্র দিয়ে দেয়?' এরপর বিচারপতি শেখর ববি শরাফ কর্মশিক্ষা ও শারীরশিক্ষায় শিক্ষক নিয়োগের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেন। পরে সেই মামলা আসে বিচারপতি মৌসুমী ভট্টাচার্যের এজলাসে। তিনিও বেশ কয়েকবার স্থগিতাদেশের মেয়াদ বাড়ান। প্রায় বছর খানেক স্থগিতাদেশ থাকার পর এদিন হাই কোর্ট রায় দিয়েছে, কমিশন নিয়োগপত্র দিতে পারবে ১৩ ডিসেম্বরের পর। তবে তার আগে বের করতে হবে ইন্টারভিউ তালিকা।

## কালনা পুরসভায় ১৬ মজদুর ও হেল্পার

কালনা পুরসভায় মজদুর, হেল্পার ও অ্যাটেন্ড্যান্ট পদে ১৬ জন লোক নিচ্ছে। ক্লাস এইট পাশরা ভালো স্বাস্থ্য ও খেলোধূলায় দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : অ্যাটেন্ড্যান্ট ১টি (তঃজাঃ)। হেল্পার ১টি (তঃজাঃ)। মজদুর ১৪টি (তঃজাঃ ২, তঃজাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ১, জেনাঃ ৩, জেনাঃ ই.সি. ২, জেনাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ প্রতিবন্ধী ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ই.সি. ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১)। দরখাস্ত করবেন সাধারণ কাগজে, পুরো বায়োডাটা দিয়ে। সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৬ নভেম্বর। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.kalnamunicipality.org, www.wbdma.gov.in

## মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষা

পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে গঙ্গাসাগর বকখালি ডেভেলপমেন্ট অথরিটিতে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) ও ড্রাফটসম্যান পদের লিখিত পরীক্ষা হবে ১৭ নভেম্বর। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad